


# প্রথম আলো

Prothom Alo North America

28 April 2022, Thursday, 6th Year, Issue 267, 40 Pages


১২৫ দেশ ভ্রমণকারী কাজী আসমা এখন নিউইয়র্কে
পৃষ্ঠা ২৮

২৮ এপ্রিল ২০২২, ১৫ বৈশাখ ১৪২৯, ২৭ রমজান ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৬, সংখ্যা ২৬৭, পৃষ্ঠা: ৪০

## মাশুল নাও দিতে পারে ডেমোক্র্যাট দল!

**মধ্যবর্তী নির্বাচন**

ক্ষমতার প্রথম বছরেই জাতীয় জনমত জরিপে প্রেসিডেন্ট জো বাইডেন ১০ শতাংশ জনসমর্থন হারিয়েছেন।

**রওশন হক**

নিম্নগামী জনপ্রিয়তা নিয়েও দ্বিতীয় দফা নির্বাচনে প্রেসিডেন্ট জো বাইডেন উতরে যাবেন —এমন প্রত্যাশা বুকে ধারণ করছেন আমেরিকার উদারনৈতিক রাজনৈতিক বিশ্লেষকরা।

গত কয়েক সপ্তাহজুড়েই মার্কিন সংবাদমাধ্যমের শিরোনাম প্রেসিডেন্ট জো



জো বাইডেন ও বারাক ওবামা

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪



**কেনাকাটা** কয়েকদিন পরই ঈদুল ফিতর। নিউইয়র্কের ফুটপাতে দেশিয় ঈদের আমেজে কেনাকাটা করছেন প্রবাসী বাংলাদেশিরা। ২৫ এপ্রিল জ্যাকসন হাইটসে। ছবি: সৈয়দ মাসুদুল কবির

করোনার টিকা

## এনওয়াইপিডি সদস্যরা চাকরি হারাচ্ছেন

**জাহিদা আলম**



নিউইয়র্ক পুলিশের ভ্যাকসিন না নেয়া সদস্যদের চাকরি থেকে বরখাস্তের চূড়ান্ত নোটিশ দেয়া শুরু হয়েছে। ২৩ এপ্রিল শনিবার দেয়া এক ইমেইলে তাদের চূড়ান্তভাবে জানিয়ে দেয়া হয়েছে। আসছে শুক্রবারের মধ্যে ভ্যাকসিন গ্রহণ না করলে ১০ দিনের মধ্যে তাদের সরাসরি বরখাস্ত করা হবে বলে ইমেইলে জানানো হয়।

করোনা মহামারির শুরুতে বিপর্যস্ত হয়ে পড়া নিউইয়র্কের পুলিশ বাহিনীর

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

## জবাবদিহিতা নিশ্চিত করতে হবে: পিটার হাস

**র‍্যাবের নিষেধাজ্ঞা প্রত্যাহার**

**বিশেষ প্রতিনিধি**

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস বলেছেন, র‍্যাবের বিরুদ্ধে গুরুতর মানবাধিকার লংঘনের যে অভিযোগ রয়েছে তার সুরাহার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ এবং বাহিনীর সদস্যদের জবাবদিহি নিশ্চিত না হলে নিষেধাজ্ঞা প্রত্যাহারের কোনো সুযোগ নেই।

২৪ এপ্রিল রোববার ঢাকায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

## ধর্মীয় সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ের পরামর্শ রাশাদের

**বিশেষ প্রতিনিধি**

বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির উন্নয়ন এবং আন্তঃধর্ম সংলাপ তথা সহনশীলতা


রাশাদ হোসাইন

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

## ভারত-পাকিস্তানে ধর্মীয় স্বাধীনতার লঙ্ঘনে নিষেধাজ্ঞার সুপারিশ

**যুক্তরাষ্ট্রে প্রবেশ**

**ঢাকা অফিস**

ভারত–পাকিস্তানসহ কয়েকটি দেশে ধর্মীয় স্বাধীনতার মারাত্মক লঙ্ঘন হয়েছে। এর জন্য দায়ী ব্যক্তি ও প্রতিষ্ঠানের সম্পদ জব্দ এবং তাদের যুক্তরাষ্ট্রে প্রবেশের ওপর নিষেধাজ্ঞা আরোপের সুপারিশ করা হয়েছে।

যুক্তরাষ্ট্রের ধর্মীয় স্বাধীনতা বিষয়ক কমিশন ২০২২ সালের বার্ষিক প্রতিবেদনে মার্কিন সরকারের কাছে এই সুপারিশ করেছে।

২৫ এপ্রিল সোমবার প্রকাশিত এই

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

১ বা ২ মে ঈদ

## কোথায় কখন ঈদের জামাত

**উত্তর আমেরিকা অফিস**

পবিত্র মাহে রমজান শেষে শাওয়াল মাসের চাঁদ দেখা সাপেক্ষে নিউইয়র্কসহ উত্তর আমেরিকায় আগামী ১ মে রোববার অথবা ২ মে সোমবার পবিত্র ঈদ-উল-ফিতর পালিত হবে।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪






**Queens Social Adult Day Care Center Inc**

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak Spanish, Urdu, Hindi & Arabic**

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস্ করে থাকি






আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

# বাংলাদেশি কারেকশন সোসাইটির ইফতার মাহফিল

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কে ধর্মীয় উৎসব আমেজে অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশি কারেকশন সোসাইটির ইফতার মাহফিল। ব্রঙ্কসের খলিল হালাল চায়নিজ রেস্টুরেন্টে ২৩ এপ্রিল শনিবার এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক সিটি ওএটিএইচ কমিশনার অসীম রেহমান। স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশি কারেকশন সোসাইটির সভাপতি কাজী হাসান। শুভেচ্ছা বক্তব্য রাখেন সিটি ওএটিএইচ ডিরেক্টর ড. সিংহ, ডেপুটি ডিরেক্টর ওয়ার্ডেন ইটো, সিওবিএ'র প্রাক্তন ইউনিয়ন লিডার ক্যানেটা জোসন ও ইলিয়াস হাসেমুদ্দিন, মূলধারার রাজনীতিক মোহাম্মদ এন মজুমদার, বাংলাদেশি কারেকশন সোসাইটির ট্রাস্টিবোর্ড প্রধান আবুল কালাম, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সুজন, ক্যাপ্টেন আব্দুল্লাহ, ক্যাপ্টেন (অব) আব্দুল মালেক, এনওয়াইপিডির সার্জেন্ট বিল্লাহ উদ্দিন, এ ইসলাম মামুন।

অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য দু'ব্যক্তিকে বিশেষ অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

অ্যাওয়ার্ড প্রাপ্তরা হলেন নিউইয়র্ক সিটি ওএটিএইচ কমিশনার অসীম রেহমান এবং নিউইয়র্কের ব্রঙ্কসের খলিল'স ফুডের কর্ণধার মো. খলিলুর রহমান। ওএটিএইচ কমিশনার অসীম রেহমান বাংলাদেশি কারেকশন অফিসারদের কর্মকাণ্ডের প্রশংসা করে তাঁকে অ্যাওয়ার্ড প্রদানের জন্য বাংলাদেশি কারেকশন সোসাইটিকে ধন্যবাদ জানান। সংগঠনের সভাপতি কাজী হাসান বাংলাদেশি কারেকশন সোসাইটির কার্যক্রম তুলে ধরে সংগঠনকে এগিয়ে নেয়ার আহ্বান জানান।



**বাংলাদেশি কারেকশন সোসাইটির ইফতার মাহফিল।** ছবি : সংগৃহীত

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি



**মোহাম্মদ এ. ওয়াহিদ,** এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।

আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



**রুবিনা আক্তার,** এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Masoom Medical Clinic

OUR MEDICAL SERVICE




We accept most insurances

Dr. M. A. Iqbal, M.D.

Masoom Medical Clinic

M.B.B.S Dhaka Medical College, Bangladesh
Board Certified Physical Medicine & Rehab
Certified Geriatric Care Professional
Board Certified Interventional Pain (American Academy of Procedural Medicine)
Fellowship in Spinal Cord Injury Medicine (Mount Sinai School of Medicine, Manhattan NY)
Certified Acupuncturist
Certified NADA (EAR acupuncture)

168-32/36 Highland Ave,
Jamaica, NY 11432

Call us
929-307-8868



Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন



74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 — TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 — TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 — TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোস *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

- Do you want apply for a green card?
- Are you having credit card problems?
- Has your bank account been sealed?
- Are you being deported?
- Are you unable to pay your debts?
- Are you getting harrassed by creditors?

আমরা বাংলায় কথা বলি

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



Ms. Farzana Choudhury


" ইসলাম বলে,
সকলের তরে মোরা
সবাই,
সুখ-দুখ সম-ভাগ
ক'রে নেব সকলে
ভাই" - ঈদ মোবারক
ঈদ মোবারক
Fauma
INNOVATIVE INC.
All Choice Energy
Woodside Adult daycare Center
Balaka 3 Star Staffing
Merchant Services
Newyork State Energy Broker
FAHAD R SOLAIMAN
President / CEO
Fauma Innovative Consultancy Group
Office: 718 205 5195, Mobile: 347 393 8504
Email: f ahad@faumainc.com, fauma@faumainc.com
37-18 73rd St. Suite 502, Jackson Heights, NY 11372

# বায়োস্কোপ ফিল্মস ইউএসএ ডিস্ট্রিবিউশনের পরিবেশনায় যুক্তরাষ্ট্রে মুক্তি পাচ্ছে অমিতাভ রেজা চৌধুরীর “রিকশা গার্ল”




**নিউইয়র্ক**
*ভিলেজ ইস্ট বাই অ্যাঞ্জেলিকা, ম্যানহাটন, ৫ মে সন্ধ্যা ৭টা ৪৫ , প্রিমিয়ার শো, *জ্যামাইকা মাল্টিপ্লেক্স সিনেমাস, কুইন্স, ৬ মে থেকে ১২ মে, *রিগ্যাল ওয়াল্ডেন গ্যালেরিয়া, বাফেলো, ১৪ মে এবং ১৫ মে, *রিগ্যাল কলোনি সেন্টার স্টেডিয়াম ১৩, আলবেনি, ১৫ মে, *রিগ্যাল বিংহ্যামটন ১২, বিংহ্যামটন, ১৫ মে, *রিগ্যাল ফার্মিংড্যাল স্টেডিয়াম ১০, ফার্মিংড্যাল, ১৪ মে এবং ১৫ মে, *শো কেস সিনেমা ডি লাক্স ব্রডওয়ে, হিকসভিল, ১৩ থেকে ১৯ মে, *লিন্ডেন বিএলভিডি, মাল্টিপ্লেক্স সিনেমাস, ব্রুকলিন, ১৩ থেকে ১৯ মে, *কনকোর্স প্লাজা মাল্টিপ্লেক্স সিনেমাস, ব্রংকস, ১৩ মে থেকে ১৯ মে, *রিগ্যাল শিপহেড স্টেডিয়াম ১৪, ব্রুকলিন, ১৪ মে এবং ১৫ মে

**নিউ জার্সি**
*রিগ্যাল কমার্স সেন্টার স্টেডিয়াম ১৮, নর্থ ব্রান্সউইক, ১৪ মে এবং ১৫ মে

**ফিলাডেলফিয়া**
*রিগ্যাল ওকস স্টেডিয়াম ২৪, ওকস, ১৫ মে

**টেক্সাস**
*সিনেমার্ক ১৯ অ্যান্ড এক্সডি, হিউস্টন, ১৩ মে থেকে ১৯ মে, * সিনেমার্ক লিগ্যাসি প্ল্যানো, ডালাস, প্লানো, ১৩ মে থেকে ১৯ মে, *সিনেমার্ক নর্থ ইস্ট মল ১৮ অ্যান্ড এক্সডি, ডালাস – হার্স্ট, ১৪ মে এবং ১৫ মে *রিগ্যাল গেটওয়ে স্টেডিয়াম ১৬ অ্যান্ড আইম্যাক্স, অস্টিন, ১৪মে এবং ১৫ মে, *সিনেমার্ক ২০ অ্যান্ড এক্সডি, প্লুগার্ভিল, ১৩ মে থেকে ২০ মে, *রিগ্যাল আলমো কোয়ারি স্টেডিয়াম, সান আন্টোনিও, ১৫ মে

**ম্যাসাচুসেটস**
*অ্যাপেক্স সিনেমা ক্যামব্রিজ, বস্টন, ১৪ মে এবং ১৫ মে, *রিগ্যাল ফেনউইক ১১, বস্টন, ১৫ মে

**ভার্জিনিয়া**
*রিগ্যাল ফেয়ারফ্যাক্স টাউন সেন্টার ১০, ফেয়ারফ্যাক্স, ১৪ মে এবং ১৫ মে, *সিনেমার্ক ফেয়ারফ্যাক্স কর্নার অ্যান্ড এক্সডি, ফেয়ারফ্যাক্স, ১৩ মে থেকে ১৯ মে

**ম্যারিল্যান্ড**
*রিগ্যাল ম্যাজেস্টিক স্টেডিয়াম ২০ অ্যান্ড আইম্যাক্স, সিলভার স্প্রিংস, ১৪ মে এবং ১৫ মে

**ফ্লোরিডা**
*মুভিস অব লেক ওর্থ, ওয়েস্ট পাম বিচ, ১৫ মে *রিগ্যাল সগ্রাস স্টেডিয়াম ২৩ অ্যান্ড আইম্যাক্স, সানরাইজ মিয়ামি, ১৫ মে, *রিভার সিটি মার্কেটপ্লেস স্টেডিয়াম, জ্যাকসনভিল, ১৫ মে, * সিনেমার্ক অরল্যান্ডো অ্যান্ড এক্সডি, অরল্যান্ডো, ১৪ মে এবং ১৫ মে

**নর্থ ক্যারোলিনা**
* রিগ্যাল স্টারলাইট স্টেডিয়াম ১৪, চার্লট, ১৫ মে
* ব্রায়ার ক্রিক স্টেডিয়াম ১৪, রালেহ, ১৪ মে এবং ১৫ মে

**ইলিনয়**
*সিনেমার্ক অ্যাট সেভেন ব্রিজেস আইম্যাক্স, শিকাগো, ১৩ মে থেকে ১৯ মে, *রিগ্যাল ক্যানটেরা স্টেডিয়াম ১৭ অ্যান্ড আরপিএক্স, ওয়ারেনভিল, ১৪ মে এবং ১৫ মে

**মিশিগান**
* সিনেমার্ক সাউথল্যান্ড সেন্টার অ্যান্ড এক্সডি, টেয়লর, ১৩ মে থেকে ১৯ মে, *বেল এয়ার লাক্সারি সিনেমাস, ডেট্রয়েট, ১৫ মে

**ওহাইও**
* আটলাস সিনেমা ইস্টগেট ১০, ক্লিভল্যান্ড, ৭ মে
* সিনেমার্ক পোলারিস ১৮ অ্যান্ড এক্সডি, কলম্বাস, ১৪ মে এবং ১৫ মে

**ওকলাহোমা**
* রিগ্যাল মিডওয়েস্ট সিটি, ওকলাহোমা সিটি, ১৫ মে

**ওরেগন**
*রিগ্যাল এভারগ্রিন পিকেডব্লিউওয়াই. স্টেডিয়াম, পোর্টল্যান্ড, ১৪ মে এবং ১৫ মে

**লুসিয়ানা**
* সিনেমার্ক পারকিন্স রো অ্যান্ড এক্সডি, ব্যাটন রুজ, ১৪ মে এবং ১৫ মে

**আরিজোনা**
*থিয়েটার টিবিএ, মেসা, ১৫ মে

**জর্জিয়া**
*রিগ্যাল আটলান্টিক স্টেশন স্টেডিয়াম ১৮, অ্যাটলান্টা, ১৫ মে

**ক্যালিফোর্নিয়া**
*লামলি নোহো ৭ থিয়েটারস, নর্থ হলিউড এলএ, ১৩ মে থেকে ২০ মে, *রিগ্যাল আইরভিন স্পেকট্রাম ২০ অ্যান্ড আইম্যাক্স, আইরভিন এলএ, ১৪ মে এবং ১৫ মে, * রিগাল রিভারসাইড প্লাজা স্টেডিয়াম ১৬, রিভারসাইড এলএ, ১৪ মে এবং ১৫ মে, *সিনেমার্ক ২৫ অ্যান্ড এক্সডি, অরেঞ্জ এলএ, ১৩ থেকে ২০ মে *রিগাল অন্টারিও প্যালেস ২২ অ্যান্ড আইম্যাক্স, অন্টারিও এলএ, ১৫ মে' *রিগাল মিরা মেসা স্টেডিয়াম ১৮ অ্যান্ড আইম্যাক্স, সান ডিয়েগো, ১৫ মে, * রিগাল হ্যাসিন্ডা ক্রসিং স্টেডিয়াম ২০, ডাবলিন এসএফ, ১৪ মে এবং ১৫ মে, * সিনেমার্ক সেঞ্চুরি ২৫ইউনিয়ন ল্যান্ডিং, ইউনিয়ন সিটি এসএফ, ১৩ মে থেকে ২০ মে, *রিগ্যাল বার্কলি সেভেন, বার্কলি এসএফ, ১৪ মে এবং ১৫ মে, *ল্যান্ডমার্ক শাটেক সিনেমাস, বার্কলি এসএফ, ২৬ মে, *সেঞ্চুরি ফলসম ১৪, ফলসম স্যাক্রামেন্টো, ১৪ মে এবং ১৫ মে

**ওয়াশিংটন**
* সিনেমার্ক লিংকন স্কয়ার সিনেমাস, সিয়াটল, ১৪ মে এবং ১৫ মে


ঈদ মোবারক
" আজ ভুলে যা তোর দোস্ত-দুশমণ, হাত মেলাও হাতে,
তোর প্রেম দিয়ে কর বিশ্ব নিখিল ইসলামে মুরিদ।
ও মন রমজানের ঐ রোজার শেষে এলো খুশির ঈদ।"
ঈদ মোবারক
Mohammed A Azad MBA
Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
989 Liberty Ave, Brooklyn, NY 11208
Commercial, Residential & Retail
917-346-8207
• 3 BHK Floor Plans
L
Liberty Renovation
Libertyrenovation.com

সম্পাদকীয়

## প্রতিকারমূলক ব্যবস্থার কথা ভাবতে হবে

একটি সামান্য ঘটনাকে কেন্দ্র করে রাজধানীর নিউমার্কেট এলাকা ব্যবসায়ী ও শিক্ষার্থীদের সংঘর্ষে রণক্ষেত্রে পরিণত হলো। ঘটনাটিকে ছোট করে দেখার সুযোগ নেই। আমাদের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সিদ্ধান্ত গ্রহণকারী কর্তৃপক্ষ বিশেষ কোনো পরিস্থিতি মোকাবিলায় কতটা অসমর্থ, তারই প্রকাশ দেখা গেল ওই সংঘর্ষের ঘটনায়। যে হাঙ্গামার নিষ্পত্তি ঘটনার সূত্রপাতের রাতেই হতে পারত, তা পরের দিন বিকেল পর্যন্ত কেন গড়াল? রাতের সংঘর্ষের খবর কি ঢাকা কলেজ কর্তৃপক্ষের কানে যায়নি? আইনশৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ শোনেনি? তাহলে তারা তাৎক্ষণিক ব্যবস্থা নেয়ার গরজ বোধ করেনি কেন? ঘটনার জের যে পরের দিনেও গড়াতে পারে, তা বুঝতে না পারার অক্ষমতা অমার্জনীয়।

প্রশ্ন উঠেছে পুলিশের ভূমিকা নিয়ে। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনিসহ কেউ কেউ বলেছেন, পুলিশ যদি তাদের দায়িত্ব পালনে অবহেলা না করত, তাহলে পরিস্থিতি এত ভয়াবহ হতো না। অন্যদিকে পুলিশ মনে করছে, সংঘর্ষ চলাকালে নিরাপদ দূরত্বে থেকে তারা 'বুদ্ধির কাজ' করেছে। আত্মরক্ষা করা অবশ্যই বুদ্ধির কাজ। কিন্তু সে বুদ্ধির কাজ যদি এতগুলো মানুষের জীবন বিপন্ন করে তোলে, তাহলে সেই বুদ্ধির দৌড় কার কাজে লাগে? বুদ্ধির কাজের পরিণতিতে নাহিদ হাসান নামের একজন তরুণের করুণ মৃত্যু হলো, শিক্ষার্থীসহ ৪০ জনের মতো মানুষকে আহত হতে হলো, ১২জন সংবাদকর্মীকে মারধর করা হলো, শিক্ষার্থীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটল, ব্যবসায়ীদের 'শতকোটি টাকা ক্ষতি' হলো, তীব্র যানজটে হাজার হাজার মানুষকে চরম দুর্ভোগ পোহাতে হলো — এসবের দায়দায়িত্ব এখন কে নেবে?

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, নিউমার্কেট এলাকায় ছাত্র ও ব্যবসায়ীদের সংঘর্ষে ছাত্রলীগ জড়িত এবং পুলিশের ইন্ধনে এটা হয়েছে। তিনি বলেন, এখন পুলিশ তার চিরাচরিত নিয়মে উল্টো বিএনপির নেতা ও ছাত্রনেতাদের ওপর দোষ চাপাচ্ছে।

বিএনপির মহাসচিব বলেন, 'সরকারের ব্যর্থতার কারণে আজ দেশে এক দুঃসহ অবস্থার সৃষ্টি হয়েছে। আপনারা দেখেছেন কয়েক দিন আগে নিউমার্কেট এলাকায় ছাত্র ও ব্যবসায়ীদের মধ্যে যে সংঘর্ষ, সেই সংঘর্ষ সম্পূর্ণভাবে সরকারের ব্যর্থতা ও পুলিশের নিষ্ক্রিয়তার কারণে হয়েছে। এখন দেখা যাচ্ছে যে শুধু নিষ্ক্রিয়তার নয়, তাদের ইন্ধনে এটা হয়েছে।'

নিউমার্কেটের সংঘর্ষের ঘটনায় ছাত্রলীগের নেতা-কর্মীরা জড়িত উল্লেখ করে মির্জা ফখরুল ইসলাম বলেন, বিভিন্ন মিডিয়ায় ও পত্রপত্রিকায় যে সংবাদগুলো এসেছে, সেই সংবাদে এটা প্রমাণিত হয়েছে যে এই সন্ত্রাসের সঙ্গে সম্পূর্ণভাবে ছাত্রলীগ জড়িত ছিল। এখন পুলিশ তার চিরাচরিত নিয়মে সম্পূর্ণভাবে এটা উল্টো বিএনপির নেতা ও ছাত্রনেতাদের ওপর বর্তাচ্ছে।'

১৮ এপ্রিল সোমবার রাতে শুরু হয়ে মঙ্গলবার দিনভর রাজধানীর নিউমার্কেট এলাকায় দোকান মালিক ও কর্মীদের সঙ্গে ঢাকা কলেজের ছাত্রদের সংঘর্ষের ঘটনায় চারটি মামলা হয়েছে। পুলিশের করা একটি মামলায় নিউমার্কেট থানা বিএনপির সাবেক সভাপতি মকবুল হোসেনসহ দলের ২৪ জনকে আসামি করা হয়েছে।

এর নিন্দা জানিয়ে মির্জা ফখরুল অবিলম্বে এই মামলা প্রত্যাহার করে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দোষী ব্যক্তিদের আইনের আওতায় আনার আহ্বান জানান। বিএনপির মহাসচিব বলেন, 'এই সরকার আমাদের সব অধিকার কেড়ে নিয়েছে। আমাদের গণতন্ত্রের অধিকার, ভোটের অধিকার, আদালতের স্বাধীনতা, বাক্‌স্বাধীনতা—সবকিছুকে এরা ধ্বংস করে দিয়েছে। এককথায় এই রাষ্ট্রকে তারা সম্পূর্ণভাবে ব্যর্থ রাষ্ট্রে পরিণত করেছে। তাই সবার কাছে আমাদের অনুরোধ থাকবে দেশকে রক্ষা করার জন্য আপনারা জনমত গড়ে তুলুন, যাতে গণতন্ত্র পুনরুদ্ধার করতে পারি।

দেখা গেছে, ঘটনা ঘটার পর আমাদের বুদ্ধি খোলে। নানা রকম মতামত, পরামর্শ দেয়া হয়। অথচ আগে জেনে-বুঝেও নীরব থাকা হয়। ঢাকা কলেজের ছাত্রদের চাঁদাবাজি, বাড়াবাড়ির কথা বলে সব দায় তাদের ওপর চাপানোর চেষ্টার পাশাপাশি নিউমার্কেট এলাকার দোকান কর্মচারি, হকাররা কত খারাপ, তারা কীভাবে সাধারণ ক্রেতাদের সঙ্গে দুর্ব্যবহার করে, কম দামের জিনিসের অতিরিক্ত দাম নিয়ে গলা কাটে– সেসবও বলা হচ্ছে। এগুলো সত্য বলে ধরে নিয়ে প্রশ্ন করতে হয়, এগুলো কি নতুন ঘটনা? এসব আমাদের আগে থেকে জানা থাকার পরও কেন প্রতিকারমূলক ব্যবস্থার কথা ভাবা হয়নি? ঢাকা কলেজের সব ছাত্র চাঁদাবাজ? সবাই দুর্বিনীত? কারা নানা দুষ্কর্মের সঙ্গে জড়িত, তা কি কলেজ কর্তৃপক্ষের অজানা? কেন খারাপদের বিরুদ্ধে সময় থাকতে ব্যবস্থা নেয়া হয় না?

নিউমার্কেট এলাকায় ব্যবসার নামে মানুষ ঠকানোর বাণিজ্য অবাধে চালিয়ে যাওয়া কীভাবে দিনের পর দিন সম্ভব হচ্ছে? কাদের বখরা দিয়ে এসব করা সম্ভব হয়? ১৮ এপ্রিল রাতে ও পরিদন দিনব্যাপী যে অরাজকতা রাজধানীর একটি বিরাট এলাকাজুড়ে হয়েছে, তার পুনরাবৃত্তি রোধ করতে চাইলে ওপরে উত্থাপিত

# বিজ্ঞান ও গণিতময় একটি অসাধারণ স্বপ্নের বাড়ি

শেখর ভট্টাচার্য




হৃদয় চন্দ্র মণ্ডল স্যারের হৃদয় আসলে কত বড়। আমার মনে হয় তা' পরিমাপ করার মতো যোগ্য মানুষের সংখ্যা খুব কম। একটি মানুষ ছাত্রদের উত্থাপিত অভিযোগের ভিত্তিতে কারা ভোগ করে জামিনে মুক্তি পেয়েই বলেন, "ছাত্ররা কোমলমতি শিশু তাদেরকে তো ক্ষমা করতেই হয়, শিক্ষক হিসাবে যদি ক্ষমাই করতে না পারলাম তাহলে কিসের শিক্ষক হলাম।" স্যারের কথায় চোখ ভিজে আসে। অন্তরে দহন হয়। একটি মানুষ আদর্শিকভাবে কত বড় হতে পারেন, এ কথা ভেবে নিজেকে বড় ক্ষুদ্র মনে হয়। ক্ষুদ্র মানুষ আমরা আকারে এবং প্রকারে। সারাদিন প্রয়োজনীয় বিষয় নিয়ে নিজেদের মধ্যে কলহ, দ্বন্দ্বে মেতে থাকি। সামান্য ব্যক্তিস্বার্থ বিসর্জন দেয়া মানুষের সংখ্যা দ্রুত কমে আসছে। স্যারের সাক্ষাৎকার শুনছিলাম, সাক্ষাৎকারটি ভয়েস অব আমেরিকা ধারণ করেছে ১৯দিন কারাভোগ করে জামিন পাওয়ার পর। স্যারকে জিজ্ঞেস করা হলো, আপনার কেমন লেগেছে এরকম কারাভোগ করতে?

স্যারের জবাব শুনে আবারো বিস্মিত হলাম: "চোখে পানি এসেছে, স্রষ্টাকে স্মরণ করেছি, যাতে সহ্য করার ক্ষমতা তিনি দেন। কোমলমতি শিশু করে ফেলেছে...। আইনস্টাইনের মতো আমি সব ধর্মের প্রতি শ্রদ্ধাশীল। ধর্ম ছাড়া বিজ্ঞান পরিপূর্ণ হয় না, একইভাবে বিজ্ঞান ছাড়া ধর্ম ও পরিপূর্ণ হয় না।" অথচ তাঁর বিরুদ্ধে এসেছে ধর্ম অবমাননার অভিযোগ। হৃদয় স্যারের বিরুদ্ধে স্কুলের পক্ষ থেকে ধর্ম অবমাননার মামলার বাদী হয়েছেন ওই বিদ্যালয়ে অফিস সহকারী মো. আসাদ। মজার বিষয় হলো, আসাদ নিজেই জানেন না তিনি যে এই মামলার বাদী। তিনি সহজভাবে গণমাধ্যমকে বলেছেন, "আমি কী করে বাদী হলাম, আমি তো তা জানি না।" এই যে আমরা ক্রমাগত ক্ষুদ্র হয়ে যাচ্ছি আমরা কী টের পাচ্ছি? বঙ্গোপসাগরের তীরের দেশ বাংলাদেশ, অনেকেই বলেন আমাদের হৃদয় বঙ্গপোসাগরের মতো বিশাল।

আসলেই কী এ কথাটি আমাদের জন্য প্রযোজ্য? আমরা স্বপ্ন দেখতে পারি না। সংকীর্ণ মনের মানুষেরা স্বপ্ন দেখতে পারে না। যারা স্বপ্ন দেখতে পারে না, তারা অন্যদেরকেও স্বপ্ন দেখাতে পারে না। তারা বড় দীন, দরিদ্র। তাদের কোনো উদ্ভাবন নেই, তাদের দূরদৃষ্টি নেই। তারা নিজেরা যে কূপে থাকে সে কূপকে পৃথিবী মনে করে, সেই "কূপ-জীবন" মহা আনন্দে উপভোগ করে। এই বিশ্ব ব্রহ্মাণ্ড কত বড়। শুধু মানুষ নয়, স্রষ্টা সৃষ্টি কত প্রাণী, কত গ্রহ, উপগ্রহ, অরণ্য, জীব, জন্তু, সাগর, মহাসাগর। প্ল্যানেটেরিয়ামে গিয়ে গ্রহ, উপগ্রহ, নক্ষত্রগুলোর সৌন্দর্য এবং বিশালত্ব দেখেলে মনে হয় মানুষ আমরা আসলেই সকলভাবেই ক্ষুদ্র। কত বৈচিত্র্য এই পৃথিবীতে। ওই বৈচিত্র্য না থাকলে পৃথিবীকে বাঁচিয়ে রাখা যেত না। সারা পৃথিবী যদি অরণ্যময় হতো, পৃথিবী এত সুন্দর হতো না। পৃথিবীর সৌন্দর্যের জন্য যেমন অরণ্যের প্রয়োজন আছে, একইভাবে সমুদ্র, নদী, মানুষ, জীবজন্তু, কীট, পতঙ্গেরও প্রয়োজন আছে। প্রয়োজন আছে সাদা, কালো, বাদামী রঙের মানুষের। প্রয়োজন নানা মত, নানা পথের মানুষের। যেমন একটি ফুল বাগানে যদি একই ধরনের ফুল থাকে বাগানটি আকর্ষণীয় হয়ে ওঠে না। বাগানে যত বেশি ভিন্ন রকমের ফুল থাকে, বাগানটির সৌন্দর্য ততো বেড়ে যায়। এর নাম বৈচিত্র্য। এ জন্য উন্নত পৃথিবী বৈচিত্র্যকে লালন করে। বৈচিত্র্যের জন্য "ডাইভারসিটি" বা বৈচিত্র্যে আনয়নের ভিসা দিয়ে পৃথিবীর নানা দেশ থেকে ভিন্ন রঙ, ভিন্ন ভাষা, ভিন্ন সংস্কৃতির মানুষের মেধার সৌন্দর্যকে কাজে লাগাতে চায়। আমরা এ কথাটি বুঝতে চাই না। আমরা বৈচিত্র্যের সুবিধা ব্যবহার করে "ডাইভারসিটি ভিসা" নিয়ে আমেরিকা, ইউরোপে উন্নত জীবনযাপন করতে যাই, তবে আমাদের দেশে বৈচিত্র্যকে ধারণ করার জন্য যে গুরুত্ব দিতে হবে সে বিষয়টি বুঝতে অক্ষম। আমরা তাই ক্রমাগত ছোট হয়ে যাচ্ছি। আমরা যে ছোট হয়ে যাচ্ছি তা আমরা উপলব্ধি করতে পারছি না। নিজেদেরকে নিয়ে ব্যস্ত অহর্নিশি। এই যে হৃদয় স্যারের ক্লাসের ভেতরে কথোপকথন অনৈতিক এবং পরিকল্পিতভাবে ছাত্ররা ধারণ করল, এজন্য আমাদের জীবন্ত কিংবদন্তি একুশের গানের লেখক প্রবাসী আবদুল গাফফার চৌধুরী, সেলিনা হোসেনসহ ১৮ জন বুদ্ধিজীবী বিবৃতি দিয়েছেন। প্রতিবাদ করেছেন। আর একটি বিবৃতি এসেছে শিক্ষক নেটওয়ার্ক থেকে। সবচেয়ে সাহসী কথা আমরা শুনেছি বিশিষ্ট শিক্ষাবিদ ও কথাসাহিত্যিক মুহম্মদ জাফর ইকবাল স্যারের কাছ থেকে। তিনি বলেছেন, "শিক্ষক হৃদয় মণ্ডলকে সসম্মানে মুক্তি দিতে হবে। নইলে আমাকেও যেন গ্রেপ্তার করা হয়।" ড. মুহম্মদ জাফর ইকবাল বলেন, "মুন্সীগঞ্জের শিক্ষক হৃদয় চন্দ্র মণ্ডলের সঙ্গে যা হয়েছে, তা আমার জন্য অত্যন্ত দুঃখের। দুঃখের এই কারণে যে, আমি শিক্ষকতা জীবনে বিজ্ঞানই পড়িয়েছি ছাত্র-ছাত্রীদের।"

আমরা বড় বিস্মৃতিপরায়ণ জাতি। আমরা খুব দ্রুত সব কিছু ভুলে যাই। এই যে হৃদয় চন্দ্র মণ্ডল স্যারকে নিয়ে লিখছি, অনেকেই বিরক্ত হবেন জানি। কারণ স্যারের বিরুদ্ধে অভিযোগ থাকলেও স্যার তো জামিনে মুক্তি পেয়েছেন। জামিনে মুক্তি পাওয়া মানে হলো, "আমার কথাটি ফুরোলো, নটে গাছটি মুড়োলো।" এ গল্পের এখানেই শেষ। আর কেনো বাপু "হৃদয় খুঁড়ে"বেদনা জাগাও? বড় জলাশয়ের ওপর দিয়ে কত পাখি উড়ে যায়, তাদের ছায়া দেখা যায়। শুধু পাখির ছায়া কেনো? পাশের গাছপালা, এমনকি চাঁদনী রাতে রুপোলি আলো খেলা করে জলাশয়ে। সুন্দর, অসুন্দর ছায়া স্থায়ী হয়ে থাকে না। বাতাস আসে একটি ঢেউ ওঠে, ঢেউ এসে ছায়াকে গুঁড়িয়ে দেয়। আবার ছায়া তৈরি হয়, আবারও ঢেউ ওঠে। এভাবেই জাতীয় জীবনে কত সুন্দর, অসুন্দর ঘটনা তৈরি হয়। তারপর নতুন ঢেউ এসে এই ঘটনাগুলোকে আমাদের মন থেকে মুছে ফেলে। হৃদয় স্যারকে মুক্তি দেয়ার জন্য কেনো অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের বিবৃতি দেয়ার প্রয়োজন হলো? এরকম ঘটনাকে বড় ভয় আমাদের সমাজের, রাজনৈতিক দলের, বুদ্ধিজীবী, সাংবাদিক শিক্ষকদের। নীরবতার সংস্কৃতিকে আমরা বড় ভালোবাসি। আমরা নির্লিপ্ত হতে পছন্দ করি। এরকম ঘটনা যখন ঘটে তখন শুধু আবদুল গাফফার চৌধুরী, সেলিনা হোসেন আর জাফর ইকবাল স্যারই কথা বলবেন। অন্যরা শুধু নীরবতার সংস্কৃতির সাথে প্রেমে নিমগ্ন থাকবেন। এর কারণ আছে অনেক।

অনেকেই ঘটনাকে বিচ্ছিন্ন ঘটনা বলে উড়িয়ে দেন। কারণ এরকম ঘটনাকে বিচ্ছিন্ন ঘটনা না বললে উপাচার্য হওয়ার পথটি রুদ্ধ হয়ে যাবে। বাংলা একাডেমি পুরস্কার, একুশে পদক, টেক্সট বুকবোর্ডে কাজকর্ম করা, শিল্পকলা, জাতীয় জাদুঘর, বিভিন্ন জাতীয় স্বীকৃতিসহ অনেক কিছু পাওয়ার বাকি রয়ে গেছে।

"যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ" বলে একটি কথা আছে না। সকলেই "বেনিফিশিয়ারি" তাই তারা বড় সতর্ক। আমরা যাদেরকে বুদ্ধিজীবী হিসেবে চিনি এবং মানি, শ্রদ্ধায় অবনত হই, তাঁরা কী তাঁদের মান ধরে রাখতে পারছেন? বুদ্ধিজীবীরা আরও বেশি সতর্ক। তারাও সরকারি বিভিন্ন সফর করে থাকেন। অনেক সময় প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতির সফরসঙ্গীদের বহরের শোভা বৃদ্ধি করেন তাঁরা। সরকারি অর্থে বিভিন্ন দেশে বাংলাদেশকে প্রতিনিধিত্ব করেন। তাই তাঁদেরকেও সতর্ক হতে হয়। ফিরে আসি হৃদয় স্যারের কথায়। সেই সাক্ষাৎকারে হৃদয় স্যার তাঁর একটি স্বপ্নের বাড়ির কথা বলেছেন। তিনি একটি বাড়ি নির্মাণ করতে চান। সে বাড়িটি কেমন হবে? তাঁর বাড়ির স্বপ্নটিও সাধারণ নয়। সুইমিংপুল, জিমের কথা স্যার বলেননি। স্যার বলেছেন তাঁর বাড়ির দেয়ালে দেয়ালে থাকবে বিজ্ঞান আর গণিতের সূত্র এবং কথা। থাকবে বিজ্ঞানী, গণিতজ্ঞেদের ছবি। বিজ্ঞানময়, গণিতময় এরকম একটি স্বপ্নের বাড়ির কথা কবে কখন, কে দেখেছেন? তিনি বাড়িতে শুধু বসবাস করবেন না, সে বাড়িতে বসে বিজ্ঞান, গণিতের সাধনা করে যাবেন। অনিন্দ্য সুন্দর এরকম বিজ্ঞান বাড়ির স্বপ্ন দেখার কথা আমি জাতীয় পর্যায়ের কোনো বিজ্ঞানী, গণিতজ্ঞের কাছ থেকে শুনিনি। কোনো কবির কাছ থেকে শুনিনি তাঁর একটি বাড়ি হবে, সারা বাড়ির দেয়ালের গায়ে থাকবে নানা রকমের কবিতা। আমাদেরকে আরও বড় হতে হবে। মুন্সীগঞ্জের গহীন গ্রামে বাস করা হৃদয় স্যারের মতো বড়। যারা অনুন্নত তারা খর্ব হন সর্ব দিক দিয়ে তা মাপা

# ইসলামে সাদাকাতুল ফিতরার গুরুত্ব

শামীম সিদ্দিকী

পবিত্র রমজান মাসের ইবাদত সমূহের মধ্যে ফিতরা বা 'সাদাকাতুল ফিতর' আদায় করা এক গুরুত্বপূর্ণ ইবাদত। 'সাদাকাহ্' মানে দান এবং 'আল-ফিতর' মানে রোজা ভেঙে পানাহারের বৈধতা। অর্থাৎ পানাহারের বৈধতার সুযোগ প্রাপ্তিতে কিছু দান করা এবং 'ঈদুল ফিতর' মানে পানাহারের বৈধতা দানের আনন্দে খুশি। (সূত্র: কাওয়াঈদুল ফিকহ্)

নিসাব পরিমাণ সম্পদের মালিকের উপর ঈদুল ফিতরের দিন সুবহে সাদেকের সময় থেকে যে 'দান' ওয়াজিব হয় তাহাই সাদাকাতুল ফিতর। মানে অন্যভাবে বলা যায়, ঈদুল ফিতরের দিন সুবহে সাদেকের সময় যার নিকট যাকাত ওয়াজিব হওয়া পরিমাণ অর্থ-সম্পদ থাকে শুধু তার উপরই সাদকাতুল ফিতর ওয়াজিব।

মূলত মাহে রমজানের রোজা পালনের মাধ্যমে আল্লাহ্ তা'য়ালা বান্দার প্রতি যে অফুরন্ত নিয়ামত দান করেছেন, তার শোকর হিসেবে এবং রোজা পালনের ত্রুটি বিচ্যুতির ক্ষতিপূরণ বিবেচনায় ইসলামে সাদাকাতুল ফিতর ওয়াজিব করা হয়েছে। ইসলাম সম্প্রীতি ও সহমর্মিতার শিক্ষা প্রদান করে। ইসলাম ধর্ম একটি মানবতাবাদী ধর্ম। ধনী-গরিব সকলে যেন ঈদ উৎসবে সমানভাবে আনন্দ উপভোগ করতে পারে সেজন্য এই সাদাকাতুল ফিতরা নির্ধারণ করা হয়েছে। ফিতরা মূলত রোজার যাকাত। যাকাত যেমন ধন-সম্পদকে পবিত্র করে, ঠিক তেমনি ফিতরাও রোজাকে পবিত্র করে। ফিতরা প্রসঙ্গে ইবনে আব্বাস (রা.) বলেন, রাসূল (সা.) সদকায়ে ফিতর নির্ধারণ করেছেন রোজাকে অনর্থক কথা ও অশ্লীল ব্যবহার হতে পবিত্র করার এবং গরিবের মুখে অন্ন দেওয়ার জন্য। (সূত্র : মেশকাত: আবু দাউদ) ওয়াকি ইবনুল জাররাহরা বলেন, সিজদায়ে সাহু যেমন নামাজের ক্ষতিপূরণ, তেমনি সাদাকাতুল ফিতর রোজার ক্ষতিপূরণ।

নিসাব পরিমাণ সম্পদের অধিকারী ব্যক্তির নিজের পক্ষ থেকে, নাবালক সন্তানদের পক্ষ থেকে সাদাকাতুল ফিতর ওয়াজিব হয়। সম্পদশালী ব্যক্তির স্ত্রী, কন্যা ও রোজগার বিহীন সাবালক সন্তানের পক্ষ থেকে সাদাকাতুল ফিতর প্রদান করা উত্তম। তবে ওয়াজিব নয়।(সূত্র: হিদায়া, আলমগীরী-১)

ফিতরার পরিমাণ ছোট-বড়, নারী-পুরুষ প্রত্যেকের পক্ষ থেকে আধা সা' গম-আটা বা এক সা' যব, কিশমিশ, খেজুর, চাল, বাজরা, ভুট্টা ইত্যাদি বা তার মূল্য। (সূত্র: শামি-২)

নিসাব পরিমাণ সম্পদের মালিক বলতে জীবিকা নির্বাহের আবশ্যকীয় উপকরণ যেমন আবাস গৃহ, পরিধেয় বস্ত্র, খাদ্য দ্রব্য, ঘরেরব্যবহার্য সরঞ্জামাদি ব্যতীত সাড়ে সাত তোলা বা ৮৮ গ্রাম



স্বর্ণ অথবা সাড়ে বায়ান্ন তোলা বা ৬১৩ গ্রাম রূপা অথবা সম পরিমাণ নগদ অর্থ বা সম্পদ থাকাকে বোঝায়। ( সূত্র: আলমগীরী-১, শামি-২)বর্তমান হিসাব মতে, এক সা মানে ৩ কেজি ৩০০ গ্রাম এবং আধা সা মানে ১ কেজি ৬৫০ গ্রাম। যাকাতের অনুরূপ সাদাকাতুল ফিতরের ক্ষেত্রে পুরো বছর নিসাবের মালিক থাকা আবশ্যক নয়। কেবল ঈদুল ফিতরের দিন সুবহে সাদেকের পূর্বে মুহূর্তে নিসাব পরিমাণ মাল থাকলেই ফিতরা ওয়াজিব হয়।

পবিত্র মাহে রমজানে সাদাকায়ে ফিতর একটি গুরুত্বপূর্ণ ইবাদত বা আমল। সাদাকায়ে ফিতরের উল্লেখযোগ্য বিধি-বিধানের মধ্যে রয়েছে (১) যদি কেহ ঈদের আগেই ফিতরা প্রদান করে, তা জায়েজ, এমনকি উত্তম ও বটে। (২) একজনের ফিতরা একজনকে বা কয়েক জনকে এবং কয়েক জনের ফিতরা একজনকেও দেওয়া জায়েজ। (ইমদাদুল-২-মাহামুদিয়া-৩)। (৩) রোজা ও ফিতরা দুটি পৃথক ইবাদত, তাই যদি কোনো কারণে কেউ রোজা নাও রাখে তাকেও ফিতরা দিতে হয়। (আলমগীরী-১)। (৪) ঈদের নামাজের আগে ফিতরা আদায় করা উত্তম। কোন কারণে আদায় করতে না পারলে পরে তা আদায় করা ওয়াজিব তবে ঈদের ২-৩ দিন পূর্বে আদায় করা সবচেয়ে উত্তম, যাতে গরিব ফিতরার টাকা দিয়ে কেনাকাটা করে ঈদের আনন্দে শরীক হতে পারে। (৫) যব, গম, আটা, খেজুর, কিশমিশ ইত্যাদির বাজার মূল্যের সমপরিমাণ নগদ অর্থ যা বর্তমান বাজারে সর্বনিম্ন মূল্য সেই পরিমাণ অর্থ ফিতরা হিসেবে আদায় করা যায়। (৬) সাদাকাতুল ফিতর ওয়াজিব হওয়ার সময় হল ঈদুল ফিতরের দিন সুবহে সাদিক হওয়ার পর। সুবহে সাদিকের পূর্বে কেউ মারা গেলে তার উপর ফিতরা ওয়াজিব হবে না। সুবহে সাদিকের পর কোনো সন্তান জন্ম গ্রহণ করলে কিংবা কেউ মুসলমান হলে তার উপর ফিতরা ওয়াজিব। (৭) বিত্তবান ব্যক্তি নিজে এবং নিজের নাবালক সন্তানের পক্ষ থেকে সাদাকায়ে ফিতর আদায় করা ওয়াজিব। (৮) নিজ পরিবারভুক্ত নয় এমন লোকের পক্ষ থেকে তার অনুমতি ছাড়া ফিতরা দিলে আদায় যাবে না। (৯) যারা তাদের খাদেম বা চাকর বাকরের পৃষ্ঠ-পোষকতা ও ভরণ-পোষণ করে তারা তাদের পক্ষ থেকে সাদকা দিয়ে দিবে। (১০) স্ত্রী লোক যদি সচ্ছল হয় তাহলে শুধু সদকায়ে ফিতর ওয়াজিব। তার নিজের ব্যতীত স্বামী, সন্তান বা মা-বাবার পক্ষ থেকে দেওয়া তার ওয়াজিব নয়। (১১) গরিব-মিসকিন এক কথায় যার নিকট নিসাব পরিমাণ সম্পদ নেই এমন ব্যক্তিকে সদকায়ে ফিতর দেওয়া জায়েজ আছে।

এই পবিত্র রমজান মাসের শেষ পর্যায়ে মহান আল্লাহর তায়ালার কাছে আমরা সকলে প্রার্থনা করি, পবিত্র মাহে রমজানে নেক আমল হিসেবে

# মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?

Hard Money 9%



## Low Income, No Problem

আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি



646-920-4799

Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106

Direct Lender

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

- ব্যক্তিগত পরামর্শ
- ফ্রি এপ্রোভাল
- ইন্টারেষ্ট রেট কম
- ফাষ্ট ক্লোজিং
- ইনভেষ্টমেন্ট
- দ্রুত এবং বিশ্বস্ত

নতুন ঠিকানায় আতিথেয়তার সাথে আমাদের সেবা গ্রহণ করুন

**37-48 72nd Street 2nd Floor Jackson Heights New York 11372**

**Tel: 917-722-1405 & 917-722-1408 E-Mail: legalnetwork.us@gmail.com**

***Visit us at:- www.legalnetworkusa.com***

# এসাইলাম সেন্টার / স্টপ ডিপোর্টেশন

আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন

বাংলাদেশ/ইন্ডিয়া/পাকিস্তান/নেপাল/সাউথ আমেরিকা/আফ্রিকা এবং অন্যান্য



রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘনের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা। প্রশ্ন হলো, আপনার এই কেইসটি কে তৈরী করছে এবং কে আপনাকে রিপ্রেজেন্ট করছে?

## কেন আমাদের কাছে আসবেন

- আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
- বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।
- ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
- আমরা অত্যন্ত সফলতার সাথে অনেকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
- ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
- দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকার JEWISH ATTORNEY দের সাহায্য নিন এবং আমেরিকায় আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
- ফ্রি কনসালটেন্সি।

Visit us at: www.legalnetworkusa.com

# লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি

(আমরা নিন্দিত এবং সমালোচিত। কিন্তু আপনার সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়)

37-48 72nd Street 2nd Fl Jackson Heights New York 11372 Tel: 917-722-1405, 917-722-1408 E-Mail: legalnetwork.us@gmail.com

# ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল

## ১ মাস ফ্রি




72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372

718-565-9099

# Law Offices

# এক্সিডেন্ট কেইসেস

## মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ক্রুটিপূর্ণ শিশুর জন্ম

# 917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে
আমাদের ক্লায়েন্টদের
জন্য মিলিয়ন মিলিয়ন
ডলার আদায়
করে দিয়েছি।



Timothy Bompart, Esq
Attorney at Law

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের
জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

## IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার

# Law offices of Timothy Bompart

**37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

**Immigration Petitions & Adjustment of Status.**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.


MANAGEOLOGY
HOLDINGS
YOU OWN, WE MANAGE!
প্রবাসী বাংলাদেশীদের বাংলাদেশে তাদের প্রপার্টি ম্যানেজমেন্টের
জন্য নির্ভরযোগ্য একটি প্রপার্টি ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান
আমাদের দক্ষতা
এপার্টমেন্ট রেন্ট | প্রপার্টি ম্যানেজমেন্ট | ক্রয় এবং বিক্রয়
Address
1 (917) 485-2179
tanjila@utshob.com
www.manageologyholdings.com
168-25A Hillside Ave#2nd Floor,Jamaica NY 11432
সেবাসমূহঃ
এপার্টমেন্টের ফ্ল্যাট সম্পূর্ণভাবে ভাড়ার উপযোগী করে তৈরি করা, যেমনঃ রঙ করানো, ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক, গ্যাস, বাথরুম সংযোগ পরীক্ষা করে দেয়া এবং ঠিক করা।
উপযুক্ত এবং যোগ্য ভাড়াটিয়া যাচাই বাছাই করে খুঁজে বের করা।
সম্ভাব্য ভাড়াটিয়ার জন্য হটলাইনে কল করে এপার্টমেন্ট এবং ভাড়া সংক্রান্ত তথ্য নেবার সুব্যাবস্থা।
এপার্টমেন্ট ঘুরে দেখানোর জন্য সু-ব্যাবস্থা।
ভাড়ার চুক্তিপত্র তৈরি করে স্বাক্ষর দলিল সংরক্ষণ।
প্রতি মাসের ভাড়া সংগ্রহ করা এবং ফ্ল্যাট মালিকের নির্দেশিত অ্যাকাউন্টে জমা করা।
এপার্টমেন্ট প্রয়োজন অনুযায়ী রক্ষণাবেক্ষণ করা ।
মালিকের পক্ষ হয়ে, এপার্টমেন্ট সম্পর্কিত সকল প্রকার বিল এবং ট্যাক্স সময়মত প্রদান করা ।
ভাড়া সম্পর্কিত লেনদেনের স্বচ্ছ হিসাব প্রদান করা। বিশেষ করে প্রবাসে ঘরে বসে এপার্টমেন্ট মালিককে ওয়েবসাইট এর মাধ্যমে ভাড়া এবং বিল সম্পর্কিত সমস্ত তথ্য ও রশিদ দেখার সুযোগ প্রদান।
এছাড়াও বাংলাদেশে অবস্থিত ফ্ল্যাটবাড়ি ক্রয় বিক্রয়ে থাকবে পূর্ণ সহযোগিতা।
আস্থার কারণঃ
উৎসব একটি সম্মানজনক প্রতিষ্ঠান, বিগত ১৭ বছর ধরে প্রবাসী বাংলাদেশীদের সাথে কাজ করে চলেছে, বিশ্বজুড়ে উৎসবের রয়েছে লক্ষাধিক সন্তুষ্ট গ্রাহক।
উৎসব গ্রুপের এই নতুন সংযোজিত প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রে নিবন্ধিত হওয়ায়, দায়িত্ববোধ এবং জবাবদিহিতা অনেক বেশি।
গ্রাহকদের জন্য রয়েছে, অনলাইন নিবন্ধনের সুযোগ, যেখানে গ্রাহক নিজস্ব অ্যাকাউন্টে লগ ইন করে বাড়িভাড়া সংক্রান্ত সকল রশিদ, ইউটিলিটি এবং ট্যাক্স সংক্রান্ত নথিপত্র, রক্ষণাবেক্ষণ সম্পর্কিত সকল রশিদের ফ্যানকপি দেখতে পারবেন।
উৎসব এমন একটি সম্মানজনক প্রতিষ্ঠান, বিগত ১৭ বছরে উত্তর আমেরিকাতে কোন প্রকার অভিযোগ বা দুর্নাম নেই।


দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
ফ্যামিলি ফার্মেসী
এন্ড সার্জিক্যাল, ইনক
1445
FAMILY PHARMACY & SURGICAL, INC.
FAMILY PHARMACY
& SURGICAL, INC.
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
■ প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
■ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
■ ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।
আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।
PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২



ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভলপমেন্টের ইন্টার ফেইথ ইফতার পার্টি। ছবি: সংগৃহীত

# ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভলপমেন্টের ইফতার পার্টি

**উত্তর আমেরিকা অফিস**

ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভলপমেন্ট ইউএসএ ২১ এপ্রিল বৃহস্পতিবার উডসাইডস্থ গুলশান টেরেসে ইন্টার ফেইথ ইফতার পার্টির আয়োজন করে।

ইফতার পার্টির মূল আলোচ্য বিষয় ছিল 'হেইট ক্রাইম একটি সামাজিক সমস্যা'।

এই ব্যতিক্রমধর্মী ইফতার পার্টি ও আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন কুইন্স বুরো প্রেসিডেন্ট ডনাভেন রিচার্ড, বিশেষ অতিথি ছিলেন প্রথম এশিয়ান আমেরিকান মহিলা অ্যাসেম্বেলিওমেন জেনিফার রাজকুমার, ডেপুটি কমিশনার দিলীপ চোয়ান, ডা. চৌধুরী হাসান সরওয়ার, ১১৫ প্রিসেন্টের ক্যাপ্টেন জামিল আল তাহেরী, আইভিটিভির পরিচালক জাকারিয়া মাসুদ, ডা. বর্ণালী হাসান, তারেক হাসান খান, কুইন্স ডেমোক্র্যাটিক করোনা ক্লাবের ডিস্ট্রিক লিডার এবং সাবেক কাউন্সিলম্যান হায়রাম মনসুরাট, বাংলাদেশ সোসাইটির বর্তমান দায়িত্বপ্রাপ্ত সভাপতি রহিম হাওলাদার। ইফতার পার্টির দোয়া পাঠ করেন জ্যাকসন হাইটস মোহাম্মদী সেন্টারের সভাপতি ইমাম কাজী কায়ুম। অনুষ্ঠান পরিচালনা করেন আহ্বায়ক জাহাঙ্গীর আলম জয়। হেইট ক্রাইমের মূল প্রবন্ধ পাঠ করেন ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভলপমেন্টের রিচার্স এন্ড ডেভলফমেন্ট ডিরেক্টর নাজনীন আখতার। প্রধান অতিথি ডনাভেন রিচার্ড বলেন, মানসিক রোগাগ্রস্তরাই অসামাজিক কাজে লিপ্ত। এজন্য আমরা কাজ করছি।

অ্যাসেম্বলিওমেন জেনিফার রাজকুমার বলেন, বাংলাদেশি আমেরিকান, শিখ, চাইনিজ সম্প্রদায় মূলত হেইট ক্রাইমের শিকার। আমরা এর সমাধানের পথ খুঁজছি।

১১৫ প্রিসেন্টের ক্যাপ্টেন জামিল আল তাহেরী বলেন, আইনের ফাঁকফোকারে আসামিরা অতি সহজেই জামিন পেয়ে যাচ্ছে, আমরা সজাগ দৃষ্টিতে দুস্কৃতিকারীদের শাস্তির জন্য কাজ করছি। ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্টের সভাপতি শাহ্ শহীদুল হক বলেন, হেইট ক্রাইম প্রতিকারের জন্য গবেষনার প্রয়োজন। আমরা মাননীয় গভর্নর কেথি হকুলের বেইল রিফর্ম বিলের আশু ফল দেখতে চাই।

বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি মুজিবুর রহমান, ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের সাবেক সাধারণ সম্পাদক আক্তার হোসেন, কমিউনিটি লিডার নাজমুল আলম শ্যামল, সাপ্তাহিক বিডি প্রতিদিনের সম্পাদক লাভলু আনসার, মাহাফুজ রহমান, এটিএন বাংলার যুক্তরাষ্ট্রের প্রতিনিধি কানু দত্ত, এনটিভির প্রতিনিধি পুলক মাহমুদ, মুন্সিগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশনের সাবেক সভাপতি শাহাদাত হোসেন, বর্তমান সভাপতি মীর্জা এম জামান অনুষ্ঠানে অংশ নেন।

সবশেষে প্রথম এশিয়ান ওমেন অ্যাসেম্বলিওমেন আমেরিকান সমাজের বিভিন্ন খাতে যারা অবদান রেখেছেন তাদের মধ্যে সাইটেশন এবং অ্যাওয়ার্ড প্রদান করেন। সহযোগিতা করেন ডা. নার্গিস রহমান ও মমতাজ বাবলী। সাইটেশন এবং অ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন চৌধুরী সরওয়ার হাসান, ডা. শামীম আহমেদ-স্বাস্থ্যসেবা, ওয়ালী খান ডিডিএস, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক (সংগঠক), মনিকা রায় চৌধুরী-সমাজকল্যাণ, ইঞ্জিনিয়ার আব্দুস সোবহান (আইটি), নাজনীন আখতার (গবেষণা), শারমীন আক্তার স্বর্ণা (আইটিভি), মঞ্জুর আলম চৌধুরী (গুলশান টেরেস), আসমা আক্তার, ফৌজিয়া ইয়াসমিন প্রমুখ।

# আরাফাত রহমান কোকো স্মৃতি সংসদের ইফতার মাহফিল

অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা ছাড়াও বাংলাদেশি কমিউনিটি নেতৃবৃন্দ অংশ নেন।

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কে আরাফাত রহমান কোকো স্মৃতি সংসদ যুক্তরাষ্ট্রের আলোচনা সভা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

২১ এপ্রিল বৃহস্পতিবার জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টে আয়োজিত এ অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা ছাড়াও বাংলাদেশি কমিউনিটি নেতৃবৃন্দ অংশ নেন। আয়োজক সংগঠনের সভাপতি শাহাদাৎ হোসেন রাজুর সভাপতিত্বে সদস্য সচিব জাহাঙ্গীর সরোয়ার্দী ও কাউছার আহমেদ এবং সংগঠনের সাধারণ সম্পাদক নাছের আখতারের পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিএনপির সহ-আন্তর্জাতিক সম্পাদক সঙ্গীতশিল্পী বেবী নাজনীন। গেস্ট অব অনার ছিলেন বিএনপির সাবেক আন্তর্জাতিক সম্পাদক মূলধারার রাজনীতিক গিয়াস আহমেদ। বিশেষ অতিথি ছিলেন জাসাসের আহ্বায়ক নায়ক হেলাল খান, যুক্তরাষ্ট্র বিএনপির সুবর্ণজয়ন্তী কমিটির সদস্য সচিব মিজানুর রহমান ভূইয়া (মিল্টন), যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক কামাল পাশা বাবুল। প্রধান বক্তা ছিলেন জসীম উদ্দিন ভূইয়া।

বিশেষ অতিথি হিসেবে আরও ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ-সভাপতি আনোয়ার হোসেন, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক কাজী শাখাওয়াত হোসেন আজম ও ফিরোজ আহমেদ, স্টেট বিএনপির সভাপতি মাহফুজুল মালা নান্নু, অনুষ্ঠানের আহ্বায়ক যুবদলের কেন্দ্রীয় কমিটির সহ-আর্ন্তজাতিক সম্পাদক এমএ বাতিন, জাসাসের কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক মো. সায়েম এবং আরাফাত রহমান কোকো স্মৃতি সংসদ যুক্তরাষ্ট্রের সিনিয়র সহ-সভাপতি খলকুর রহমান খলকু, সহ-সভাপতি অয়েছ আহম্মেদ ও রইচ উদ্দিন ও সাংগঠনিক সম্পাদক আলমগীর কবির এবং মিলাত হোসেন আকাশ, ব্রুকলিন বিএনপির সাধারণ সম্পাদক ছালেহ আহমেদ মানিক। অনুষ্ঠানে বেগম খালেদা জিয়ার সুস্থতা ও দীর্ঘায়ু কামনা, জিয়া পরিবারসহ মুসলিম উম্মার শান্তি ও কল্যাণ কামনা করে বিশেষ দোয়া পরিচালনা করেন নিউইয়র্ক স্টেট বিএনপির সভাপতি মাওলানা অলিউল্লাহ মো. আতিকুর রহমান।



আরাফাত রহমান কোকো স্মৃতি সংসদ যুক্তরাষ্ট্র'র আলোচনা সভা ও ইফতার মাহফিল। ছবি: সংগৃহীত





**ইফতার আয়োজন** **বাল্টিমোর সিটির উডলন এলাকায় সিকিউরিটি স্কয়ার মলে ১৭ এপ্রিল রোববার অভিবাসী বাংলাদেশিদের জন্য ইফতারের আয়োজন করা হয়। বাংলাদেশ মেরিল্যান্ড ফ্রেন্ডস এন্ড ফ্যামিলি নামে একটি সংগঠনের এ উদ্যোগে কয়েকশ অভিবাসী বাংলাদেশি অংশ নেন। আগত অতিথিদের স্বাগত জানান মোহাম্মদ কাজল ও নজরুল ইসলাম।** ছবি: সোহেল মাহমুদ

Law Office of Mahfuzur Rahman



Mahfuzur Rahman, Esq.
এটর্নী মাহফুজুর রহমান
Attorney-At-Law (NY)
Barrister-At-Law (UK)

Admitted in US Federal Court
(Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)
সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)
ফ্যামিলি ল' আনকনটেস্টেড এবং কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টিডি, এলিমনি।

- ব্যাংক্রাপ্সী
- ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- রিয়েল এস্টেট ক্লোজিং
- উইল্‌স
- ইনকোর্পেরেশন
- ক্রেডিট কনসলিডেশন
- পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
- মর্গেজ
- ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ট্যাক্স ম্যাটার

Appointment : 347-856-1736
JACKSON HEIGHTS
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373
Tel: 347-856-1736, Fax: 347-436-9184
E-mail: attymahfuz@gmail.com

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে
সিপিএ'র মাধ্যমে ট্যাক্স ফাইল করুন
TAX FILING 2021
WE DO ALL TYPES OF TAXES
CONTACT
KALIANNA LAKSHMANAN,CPA,PC
7232 BROADWAY,SUITE 306
JACKSON HEIGHTS, NY 11372
Phone: 347-279-6001, 646 4818369
Fax: 718-799-9181
Email: lakashmanan@kali-cpa.com



আবু জামান
ম্যানেজার
Tel: 6462844776



KALIANNA LAKSHMANAN
CPA,PC
Tel: 347-279-6001

## Wasi Choudhury & Associates LLC

### আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

▪ ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

**Wasi Choudhury, EA**
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member: naea NYSSEA



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

**37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377**

### এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

## MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

**Appointment:**
**718-526-0700, 718-383-4500**
**Cell- 718-864-8882**

| ASTORIA OFFICE: | JAMAICA OFFICE: |
|---|---|
| 30-04, 36th Avenue | 170-12 Highland Avenue |
| LIC, NY 11106 | Jamaica Estates, NY- 11432 |
| Tel: 718-383-4500 | www.drmrahman.com |

## Tax & Immigration Services



MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

- Tax
- Immigration
- Real Estate
- Mortgage
- Notary

**INCOME TAX**
Income Tax Serice & Direct Deposit quick Refund & Electronic Filling

**IMMIGRATION SERVICES**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

**REAL ESTATE**
For Buying & Selling houses
mortgage services

IRS e-file

**PIER TAX AND EXECUTIVE SERVICES**

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

দীর্ঘ ১০ বছরের সাফল্য ও অভিজ্ঞতার ধারাবাহিকতায়

## সকল ধরনের ইনস্যুরেন্সের জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান



### আপনার গাড়ি বাড়ি ব্যবসা ও TLC ইন্সুরেন্সের জন্য আমাদের প্রফেশনালদের সহায়তা নিন

Low Down Payment
No Extra Fee
6 Hours DDC Class

Experienced
Tax Professional
IRS e-file
IRS Authorized e-file Provider

**Auto Home Business & TLC Insurance**

## TDS Insurance Brokerage Corp.

BROOKLYN
118 Beverley Road, Brooklyn, NY 11218
Phone: 718-483-9310, Fax: 718-483-9311
Email: team@tdsinsurance.com

# বাড়ি ক্রয়ে ২৫% ডাউন পেমেন্ট দিলে নো ব্যাকগ্রাউন্ড চেক

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-নেগোসিয়েশন কেনাবেচার ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাড (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সসহ যাবতীয় সহযোগিতার জন্য কথা বলুন



Please call or text
**646 284 4776**
**Abu Zaman**
Licensed Real Estate Salesperson
abuzaman45@hotmail.com



**Silver & Gold Realty**

ইনকামট্যাক্স **২০১৯** ইনকামট্যাক্স

# আন্‌জুমান ট্যাক্স সার্ভিসেস ইন্‌ক

37-21 72nd Street, Sute # 202
Jackson Heights, NY-11372

**IRS Authorised E-File Provider**

● ইনকামট্যাক্স, ব্যক্তিগত, ব্যবসায়িক ও কর্পোরেশন রিটার্ন ● বুক কিপিং, একাউন্টিং, সেলস্ ট্যাক্স, পে-রোল ট্যাক্স ● কর্পোরেশন ফর্ম ও নতুন ব্যবসা সেটআপ ● স্বামী-স্ত্রী ও পরিবার পরিজনদের জন্য আবেদনসহ যাবতীয় ইমিগ্রেশন সার্ভিস ● ইংরেজী অনুবাদ ও নোটারী সার্ভিস ● ইমিগ্রেশন সার্ভিসেস। আমাদের অফিস সপ্তাহে সাত দিনই খোলা থাকে।

যোগাযোগ ▶ আবু হেলেন হোসেন

718-777-5477, Cell: 917-496-7966, Fax, 718-777-8020

# জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্নক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

**এম এ জামান** (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এ্যন্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

# MITU DISABILITY CENTER
## MITU PHYSICAL THERAPY P.C.
## MITU HOME CARE LLC.



আপনি যদি অসুস্থ হন তাহলে প্রতি মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন



**RONJAN**
(Disability Consultant)
646-730-8416

**JABBAR SHARIFF**
Attorney & Counselor at Law

**MITU DISABILITY CENTER**
- স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

পরীক্ষা ছাড়াই আমেরিকার সিটিজেনশীপ

N-648 WAIVER

**MITU PHYSICAL THERAPY P.C.**
আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হাটের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হওয়া, ঝিনঝিন করা, মাথা ধরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।
**Nagah A. Alaidy**
(ফিজিক্যাল থেরাপিষ্ট)

**MITU HOME CARE LLC.**
আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, শ্বশুর-শাশুড়ী, আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)
Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com

# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

## B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



FRANCHISE BROKER ACADEMY
Member

| | |
|---|---|
| H1B | L1A VISA |
| EB5 | E2 VISA |
| POLITICAL ASYLUM | |

# Captor USA, Inc.
**Franchise & Business Consulting Firm**
New addres 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা



স্টারলিং ফার্মেসী, ডাইনামিক একাউন্টিং সার্ভিসেস এবং স্টারলিং ডায়গনস্টিকসের ইফতার মাহফিল। ছবি: সংগৃহীত

# স্টারলিং ফার্মেসি, ডাইনামিক একাউন্টিং সার্ভিসেস ও ডায়গনস্টিকসের ইফতার

**উত্তর আমেরিকা অফিস**

ব্রঙ্কসের স্টার্লিং ফার্মেসি, ডাইনামিক একাউন্টিং সার্ভিসেস এবং স্টারলিং ডায়গনস্টিকসের আয়োজনে বার্ষিক ইফতার মাহফিল ও কেরাত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

২০ এপ্রিল বুধবার ব্রঙ্কসের গোলেন্ড প্যালেসে এ ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এতে স্বাগত বক্তব্য রাখেন স্টার্লিং ফার্মেসি, ডাইনামিক একাউন্টিং সার্ভিসেস, স্টারলিং ডায়গনস্টিকসের সিইও এবং বাংলাবাজার বিজনেস এসোসিয়েশনের সভাপতি আব্দুল ওয়াহিদ চৌধুরী জাকি। প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন সেবামূলক কার্যক্রম তুলে ধরেন ম্যানেজার মোহাম্মদ আলী। এসময় উপস্থিত ছিলেন আব্দুল ওয়াহিদ চৌধুরী জাকির বাবা বিশিষ্ট আইনজীবী ও সমাজকর্মী অ্যাডভোকেট আব্দুল কাইয়ূম চৌধুরী, প্রতিষ্ঠানের ভাইস প্রেসিডেন্ট আব্দুল ওহাব চৌধুরী জামি, কর্মকর্তা আবির, টাইম টিভির সিইও আবু তাহের, বাংলাবাজার বিজনেস এসোসিয়েশনের সহ-সভাপতি মো. খলিলুর রহমান ও বিলাল ইসলাম, সাধারণ সম্পাদক সাইদুর রহমান লিংকন, এনওয়াইপিডির সিনিয়র ডিটেক্টটিভ অফিসার মাসুদ রহমান, পিআইসির সভাপতি রাশেদুজ্জামান, বিবিএ'র সাধারণ সম্পাদক কাজী রবি-উজ-জামান, সাবেক সভাপতি এ ইসলাম মামুন।

ইফতারের পূর্বে তামজিদ ইসলামের পরিচালনায় কেরাত প্রতিযোগিতায় বিভিন্ন গ্রুপে ছাত্র-ছাত্রী অংশ নেয়। ইসলামী সঙ্গীত পরিবেশন করে নতুন প্রজন্মের ছেলেমেয়েরা। পরে কেরাত প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। আব্দুল ওয়াহিদ চৌধুরী জাকি বলেন, স্টার্লিং ফার্মেসি, ডাইনামিক একাউন্টিং সার্ভিসেস এবং স্টারলিং ডায়গনস্টিকস কমিউনিটি সেবার ব্রত নিয়ে কাজ করে যাচ্ছে।

# গভর্নর হকুলের জ্যামাইকা মুসলিম সেন্টার পরিদর্শন

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) পরিদর্শন করেছেন।

২১ এপ্রিল বৃহস্পতিবার বিকেলে জেএমসিতে এসে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের উদ্দেশে গভর্নর হকুল বলেন, নিউইয়র্কের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হয়েছে। হেইট ক্রাইমসহ যেকোনো পরিস্থিতি মোকাবেলায় কঠোর পদক্ষেপ নেয়া হবে। হেইট ক্রাইম প্রতিরোধে ২৫ মিলিয়ন ডলার বরাদ্দ করা হচ্ছে।

অনুষ্ঠানে জেএমসি পরিচালনা কমিটির সভাপতি ডা. সিদ্দিকুর রহমান বলেন, আমরা দীর্ঘদিন ধরেই গভর্নরকে জেএমসিতে আনার চেষ্টা করে যাচ্ছিলাম। হঠাৎ করেই তাঁর জেএমসি পরিদর্শনের সময়সূচি পাওয়া যায়। গভর্নরের উপস্থিততে তিনি জেএমসির কর্মকাণ্ডের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন।

এ সময় তারা বলেন, আইগ্লোবাল বিশ্ববিদ্যালয় একটি পরিবার, আন্তর্জাতিক সব শিক্ষার্থীর জন্য এটাই তাদের বাড়ি।

বিশ্ববিদ্যালয়ে অধিকাংশ ক্লাস অনলাইনে হওয়ায় শিক্ষার্থীদের সামনাসামনি দেখা হওয়ার সুযোগ অপেক্ষাকৃত কম থাকে। এই দিন ছিল তাদের অনেকেরই ইনপারসন ক্লাস। আর সেই কারণে শিক্ষার্থীরা তাদের ক্লাস শেষে যোগ দেয় এই ইফতার আয়োজনে। তাই অনুষ্ঠানটিই হয়ে ওঠে শিক্ষার্থীদের মিলনমেলা।

বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ড. জাফর পিরিমের উপস্থাপনায় সংক্ষিপ্ত আলোচনায় সম্মানিত অতিথি রোকেয়া হায়দার বলেন, যুক্তরাষ্ট্র একটি সম্ভাবনার দেশ। এদেশে প্রত্যেকেই তার প্রত্যাশামতো অর্জন করে নিতে পারে। তবে সেজন্য শিক্ষালাভটি সবচেয়ে জরুরি।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেল্স ট্যাক্স
★ বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
•Emirates •Qatar Airways • Etihad Airways • Turkish Airlines • Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider Department of Health, State of New York
নিউইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘন্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

JOY TECH ELECTRONICS & COMPUTER
সেলস এবং রিপেয়ার
Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।
ultra mobile · SIMPLE Mobile · h2O wireless · T-Mobile · univision mobile · Lycamobile
Ph: (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

ল' অফিস অব এটর্নি মো: গোলাম মোস্তফা
Our Services
★ Personal Injury & Workers Compensation (Recovery over 3 million dollar)
★ Car Accidents
★ Medical Mal Practice
★ Accident in Construction
★ Lead Poisoning
★ Slip and Fall
★ Dental Mal Practice
★ Immigration all kinds &
Green Card via employment & Investments
★ Real Estate & Business Closings
★ Non payment or no over time payment
★ Will, Trust and Estate Planning
★ Bankruptcy, Landlord-Tenant
★ Family Matter-Divorce
★ All Civil Matters
"Prior results do not guarantee a similar outcome"
New York State Attorney
M. Mostofa, Esq
LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh
Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London
LL.M, USA. Attorney-At-Law, NY
Queens: 146-10 Hillside Ave, 2nd Fl. Jamaica, NY 11432
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576
Ph# 917-285-6247
E-mail: abmostofa1@gmail.com
বাড়ি বিক্রয়ের সুযোগ্য ও বিশ্বস্ত সাথী
Attorney Realty Inc.
Regulated by Experienced Real Estate Attorney
REAL ESTATE SALESPERSONS
MOSHARRAF HOSSAIN Cell: 347-307-1406
ADVOCATE MD NURUZZAMAN Cell: 347-469-9268
ADVOCATE MOHAMMAD HASHEM Cell: 646-552-2748

পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Bangladeshi Foot Specialist
DR. SADI ALAM, DPM
আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS

## মস্কোয় পুতিনের সঙ্গে বৈঠক জাতিসংঘের মহাসচিব গুতেরেসের

**ইব্রাহীম চৌধুরী**



**আন্তোনিও গুতেরেস**

চলমান যুদ্ধ শেষ করতে ইউক্রেনের সঙ্গে আলোচনার আশা এখনো রয়েছে বলে জানিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। স্থানীয় সময় মঙ্গলবার রাশিয়া সফররত জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে বৈঠকে পুতিন এমনটি জানান।

বৈঠকে জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসকে পুতিন বলেন, ‘সামরিক অভিযান চলমান থাকা সত্ত্বেও, এখনো আশা করি যে আমরা কূটনৈতিক পথে চুক্তিতে পৌঁছাতে সক্ষম হব। আমরা আলোচনা করছি, আমরা এটি প্রত্যাখ্যান করি না।’

পুতিনের দাবি, বুচা শহরে রাশিয়ান বাহিনীর বিরুদ্ধে নৃশংসতার অভিযোগ ওঠার পর শান্তি আলোচনা গতি হারিয়েছে। রুশ প্রেসিডেন্ট বলেন, ‘বুচায় একটি উসকানি দেওয়া হয়েছিল। সেখানে রাশিয়ান সেনাবাহিনীর কিছুই করার ছিল না। আমরা জানি কে এই উসকানি দিয়েছে, কী উপায়ে এবং কী ধরনের লোকেরা এর পেছনে কাজ করেছে।’

পুতিন গুতেরেসকে জানান, তিনি ইউক্রেনে রাশিয়ার সামরিক অভিযান সম্পর্কে জাতিসংঘের উদ্বেগ সম্পর্কে অবগত। এটি নিয়ে আলোচনা করতে প্রস্তুত তিনি।

## এমটিএ’র ওভারটাইম পরিশোধ এক বিলিয়ন ডলারের বেশি

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কের মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (এমটিএ) কর্মচারিরা গত বছরে তাদের ওভারটাইম হিসেবে ১ বিলিয়ন ডলারের বেশি আদায় করেছেন।

২২ এপ্রিল প্রকাশিত পে-রোল তথ্য বিশ্লেষণ করে একথা জানানো হয়েছে। ৩০০ জনের বেশি এমটিএ কর্মচারি ওভারটাইম হিসেবেই প্রতিজন এক লাখ ডলারের বেশি নিয়েছেন। চারজন কর্মচারি ওভারটাইম হিসেবে পেয়েছেন দুই লাখ ডলারের বেশি। ৭০০ জনের বেশি এমটিএ কর্মচারি তাদের মূল মজুরির দ্বিগুণ আয় করেছেন ওভারটাইম হিসেবে।

নিউইয়র্ক গণপরিবহনের বেশ কিছু সংস্থা এমটিএ পরিচালনা করে থাকে। ২০২১ সালে এ সংস্থার মোট ওভারটাইম পরিশোধ করতে হয়েছে ১ দশমিক ২ বিলিয়ন ডলার, যা আগের বছরের তুলনায় ১৬ মিলিয়ন ডলার বেশি বলে জানা গেছে।

২০১৮ সালে এমটিএ ওভারটাইম বাবত ব্যয় করেছিল ১ দশমিক ৩৮ বিলিয়ন ডলার। জের হিসেবে তদন্ত হয়েছে এবং কারও কারও বিরুদ্ধে অপরাধমূলক অভিযোগও আনা হয়েছিল।

এমটিএ চিফ অপারেটিং অফিসার লিসেট ক্যামিলো বলেন, সংস্থাটি ওভারটাইম ব্যবস্থাপনায় শক্ত অবস্থান গ্রহণ করেছে এবং এ খাতে ব্যয় কমিয়ে আর চেষ্টা করছে।

নিউইয়র্কে এমটিএ পরিচালিত গণপরিবহণ চালু রাখার জন্য স্বল্প লোক নিয়ে কাজ করতে হচ্ছে। লিসেট ক্যামিলো বলেন, সংস্থায় নতুন লোক নিয়োগ বন্ধ রয়েছে। এমন অবস্থায় স্বল্প কর্মী দিয়ে গণপরিবহন চালু রাখার জন্য তাদের কর্মীদের ওভারটাইম প্রদান করা হচ্ছে।

## জর্জিয়ায় দু’দিনব্যাপী ভ্রাম্যমাণ কন্স্যুলেট সার্ভিস

**আটলান্টা প্রতিনিধি**, *জর্জিয়া*

বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব জর্জিয়ার উদ্যোগে জর্জিয়া প্রবাসী বাংলাদেশিদের সেবা প্রদানে আগামী ৫ ও ৬ মে বৃহস্পতি ও শুক্রবার আটলান্টায় স্থানীয় নর্থউড প্লাজায় দু’দিনব্যাপী ভ্রামমাণ কন্স্যুলেট সার্ভিস অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন ডিসি থেকে অভিজ্ঞ একদল প্রতিনিধি উপস্থিত থেকে এ সার্ভিস প্রদান করবেন। এই সার্ভিসে নো ভিসা রিকোয়ার্ড, পাসপোর্টের মেয়াদ উর্ত্তীণ করা, পাওয়ার অব অ্যাটর্নি, যুগোপযোগী বার্থ সার্টিফিকেট, নতুন ডিজিটাল পাসপোর্টসহ বিভিন্ন সার্ভিস সেবা প্রদান করা হবে। এসব সেবা নিতে ইচ্ছুকদের যথাসময়ে উপস্থিত থাকতে বলা হয়েছে। সার্ভিসের সময়সূচি প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত।



সিলেট দক্ষিণ সুরমা সমিতি নিউইর্য়কের ইফতার মাহফিল

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা

## নির্বাচন ৫ জুন: মনোনয়নপত্র দাখিল ৮ মে

**উত্তর আমেরিকা অফিস**

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার আসন্ন নির্বাচনের পূর্বঘোষিত তফসিল মোতাবেক নির্বাচনের পরবর্তী কার্যক্রম ঘোষণা করেছে নির্বাচন কমিশন। এতে মনোনয়ন ফি, মনোনয়নপত্র জমা, মনোনয়নপত্র যাচাই-বাছাই এবং প্রত্যাহারের তারিখ, স্থান ও সময় উল্লেখ করা হয়েছে।

জালালাবাদ এসোসিয়েশনের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে সভাপতি পদের মনোনয়ন ফি ২৫০০, সহ-সভাপতি (৪টি পদ) জনপ্রতি ১৭০০, সাধারণ সম্পাদক পদে ২০০০, সহ-সাধারণ সম্পাদক পদে ১৫০০, কোষাধ্যক্ষ, সাংগঠনিক, প্রচার ও দপ্তর, সহিত্য ও সাংস্কৃতিক, ক্রীড়া সম্পাদক, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, সমাজকল্যাণ সম্পাদক এবং মহিলা বিষয়ক সম্পাদক পদে ১২০০ ডলার ফি ধার্য করা হয়েছে। এছাড়া কার্যকরী পরিষদেও সদস্য পদে (৪টি পদ) জনপ্রতি ১০০০ ডলার ফি ধার্য করা হয়েছে। নির্বাচনে মনোনয়নপত্র দাখিল ও বাছাইয়ের দিন ৮ মে রোববার বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত জ্যাকসন হ্ইটসের বাংলাদেশ প্লাজা মিলনায়তনে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ১১ মে বুধবার বিকেল ৩টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এস্টোরিয়ার প্রাইম প্রিন্টিংয়ে। নির্বাচন ৫ জুন রোববার। স্থান ও সময় পরে জানানো হবে বলে কমিশন ইউএনএ প্রতিনিধিকে জানান।

উল্লেখ্য জালালাবাদ এসোসিয়েশনের ৫ সদস্যবিশিষ্ট নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনার হচ্ছেন বাংলাদেশ সোসাইটি ও জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম। কমিশনের অন্য সদস্যরা হলেন মোশাররফ হোসেন, সাব্বির হোসেন, আহমেদ এ হাকিম ও মিনহাজ আহমেদ।

## সিলেট দক্ষিণ সুরমা সমিতির ইফতার

**উত্তর আমেরিকা অফিস**

সিলেট দক্ষিণ সুরমা সমিতি নিউইর্য়কের ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। ২১ এপ্রিল বুধবার ব্রংকসের নীরব রেস্টুরেন্টে ইফতার মাহফিলে সভাপতিত্ব করেন কমিটির আহ্বায়ক অধ্যাপক আব্দুল কাইয়ুম। সভা পরিচালনা করেন সদস্য সচিব মছনুর রহমান। প্রধান অতিথি ছিলেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের সভাপতি ময়নুল চৌধুরী হেলাল।

দোয়া পরিচালনা করেন মাজলুল আহমদ কামরান।

বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি ইশতিয়াক আহমদ সিলেট সদর থানা এসোসিয়েশনের সাবেক সভাপতি মামুন আহমদ, ফেঞ্চুগঞ্জ এসোসিয়েশনের সভাপতি জুনেদ আহমদ চৌধুরী, বিশ্বনাথ এসোসিয়েশনের সভপতি সেবুল খান মাহবুব, সংগঠনের অন্যতম প্রতিষ্ঠাতা রিয়াজ উদ্দিন কামরান, বিশিষ্ট সংগঠক ও রাজনীতিবিদ কফিল চৌধুরী, সহ-সম্পাদক শাহ কামাল ও মাজলুল আহমদ কামরান, এমরান আহমদ, নোমান আহমদ, মারুফ আহমদ।

## ওরসোলিয়া গাল হত্যাকারী গ্রেপ্তার

**রোকেয়া দীপা**

নিউইয়র্কের কুইনসে দুই সন্তানের মা ওরসোলিয়া গাল (৫১) হত্যায় জড়িত থাকার অভিযোগে একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

গ্রেপ্তারকৃত ডেভিড বনোলা (৪৪) দুই বছরের বেশি সময় থেকে ওরসোলিয়া গালের বাসায় মেরামত কাজে আসা-যাওয়া করছিলেন। তাদের মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে উঠে। এ সম্পর্কের ওঠানামার জের ধরেই বনোলা ওরসোলিয়াকে খুন করেছেন বলে জবানবন্দি দিয়েছেন। হত্যার অভিযোগে ডেভিড বনোলাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

১৬ এপ্রিল শনিবার ভোররাতে নিউইয়র্কের ফরেস্ট হিলস এলাকায় চাঞ্চল্যকর এ হত্যাকাণ্ড ঘটে। ঘটনার বিবরণ থেকে জানা যায়, ওরসোলিয়া গাল নামের নারীর দুই সন্তান। একজনের বয়স ১৩, অরেকজনের ১৭ বছর। ১৭ বছরের সন্তানকে কলেজে ভর্তি করানো নিয়ে ওরসোলিয়ার স্বামী অন্য রাজ্যে ভ্রমণ করছিলেন।

শুক্রবার রাতে ম্যানহাটন থেকে ফেরার পর ওরসোলিয়া গাল স্থানীয় একটি বারে কিছু সময় কাটান। পরদিন সকালের দিকে হকই ব্যাগে মোড়ানো তাঁর মরদেহ ঘর থেকে প্রায় এক মাইল দূরের এক পার্কে পাওয়া যায়।



**ওরসোলিয়া গাল**

পুলিশ ঘটনার জন্য দোতলায় আলাদা ঘরে থাকা ছেলেকে প্রথমে জিজ্ঞাসাবাদ করে ছেড়ে দেয়। সংবাদ পেয়ে অন্য রাজ্য থেকে দ্রুত নিউইয়র্কে পৌঁছান। পুলিশ হত্যাকারীকে গ্রেপ্তার করতে পুরষ্কার ঘোষণা করে। ২১ এপ্রিল বৃহস্পতিবার ডেভিড বনোলা নিজেই এগিয়ে আসেন এবং খুনের বর্ণনা প্রদান করে স্থানীয় প্রিসেংটে জবানবন্দি প্রদান করেন। জবানবন্দিতে তিনি বলেন, নিহত ওরসোলিয়ার সাথে তাঁর একান্ত সম্পর্ক গড়ে উঠেছিল। দাম্পত্যবহির্ভূত সম্পর্কে জড়িয়ে যাওয়া স্বামীর অনুপস্থিতিতে শনিবার ভোর রাতে ওরসোলিয়ার ঘরের বেজমেন্টে অবস্থান করছিলেন। তাদের একান্ত সম্পর্কের ওঠানামা নিয়ে ঝগড়া শুরু হয় এবং চাকু দিয়ে পঞ্চাশবারের বেশি আঘাত করে বনোলা ওরসোলিয়াকে হত্যা করেন।

হত্যার পর ওরসোলিয়ার ছেলের হকি ব্যাগে ভোরে মরদেহ টেনে ঘরের অদূরের পার্কে ফেলে পালিয়ে যান। মরদেহ পার্কে ফেলে দেয়ার পর ঘাতক বনোলা ধাস্তাধাস্তিতে নিজের ফসকে যাওয়া হাতের চিকিৎসা নিয়েছেন স্থানীয় একটি হাসপাতালে।

এ ঘটনার পর নিউইয়র্কে চাঞ্চল্য সৃষ্টি হয়। ফরেস্ট হিলের মতো শান্ত আবাসিক এলাকায় ওরসোলিয়াকে সবাই গৃহিণী এবং সুখী পরিবারের মানুষ হিসেবে জানত। বনোলা গ্রেপ্তারের পর এক বিবৃতিতে কুইনসের ডিসট্রিক্ট অ্যাটর্নি ম্যালেন্ডা কার্টজ বলেন, ভয়ংকর এ ঘটনায় দুই সন্তান মাতৃহারা হয়েছে। ঘটনার জন্য দায়ী ব্যক্তির দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা হবে।

## পেনসিলাভানিয়ার সড়ক দুর্ঘটনায় বাংলাদেশি দম্পত্তি: স্বামী নিহত

**উত্তর আমেরিকা অফিস**

পেনসিলভানিয়ার অ্যালেনটাউন সিটিতে সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন এমরান হোসেইন। ২৩ বছর বয়সী এমরান নিউইয়র্কের ব্রুকলিনের বাসিন্দা।

১৯ এপ্রিল মঙ্গলবার দিবাগত রাত দেড়টার দিকে অ্যালেনটাউনের হাইওয়েতে এমরান তার প্রাইভেট কারের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। দুর্ঘটনায় আহত এমরান ও তার স্ত্রী সামিহা আলাদিনকে (২০) স্থানীয় সেডার ক্রেস্ট সিটির লেহি ভ্যালি হাসপাতালে নেয়া হয়। সেখানে চিকিৎকরা এমরানকে মৃত ঘোষণা করেন। দুর্ঘটনায় সামিহার একটি পা ভেঙ্গে গেছে।

রাত দেড়টার দিকে ইন্টার স্টেট ৭৮-এ প্রবল বৃষ্টিপাতের মাঝে এমরান ৮৫ মাইল গতিতে গাড়ি চালাচ্ছিলেন বলে জানিয়েছে স্টেট পুলিশ।

পুলিশ জানায়, এ অবস্থায় চালক নিয়ন্ত্রণ হারালে গাড়িটি একটি বাঁধের নিচে গিয়ে লেহাই স্ট্রিট বরাবর রেললাইনে ওপর চলে আসে।

ব্রুকলিনে ২০০২ সালে জন্ম সামিহার। স্ট্যাটান আইল্যান্ডের একটি স্কুল থেকে গ্র্যাজুয়েশন শেষ করে পেনসিলভানিয়ার পেন স্টেট কলেজে ভর্তি হয়েছিলেন মাস্টার্স করতে। সপ্তাহে দুদিন সামিহাকে তার কলেজে যেতে হয় ক্লাস করতে। স্বামী এমরান ড্রাইভ করে নিয়ে যেতেন সামিহাকে।



**এমরান ও তার স্ত্রী সামিহা আলাদিন**

১৯ এপ্রিল রাতে ক্লাস শেষ করে নিউইয়র্কে ফেরার পথে মারাত্মক দুর্ঘটনায় এমরান মারা যান। মারাত্মক আহত সামিহার ডান পা রক্ষা করতে পারবেন কিনা তা নিয়ে সন্দেহে রয়েছেন চিকিৎকসদের। পায়ের ফ্র্যাকচারে স্টীলের পাত বসাতে পারছেন না তারা। তাই তাদের ধারণা, পা হয়ত রক্ষা করা যাবে না। এছাড়া কাঁধেও মারাত্মক আঘাত পেয়েছেন সামিহা।





২৪ এপ্রিল রোববার পবিত্র কাবা থেকে হাজিদের প্রার্থনার ছবি। ছবি: রুদ্র মাসুদ

# কোথায় কখন ঈদের জামাত

প্রথম পৃষ্ঠার পর

এ উপলক্ষে নিউইয়র্ক সহ উত্তর আমেরিকার বিভিন্ন মসজিদ ও ইসলামিক সেন্টারের ঈদের জামাত আদায়ের ব্যাপক উদ্যোগ নেওয়া হয়েছে। জামাইকা মুসলিম সেন্টার জামে মসজিদের উদ্যোগে ঈদের দিন সকাল ৯ টায় ঈদের জামাত অনুষ্ঠিত হবে টমাস এডিসন হাই স্কুল মাঠে। ঈদের জামাতের স্থানে পার্কিংয়ের বিশেষ ব্যবস্থা থাকবেবলে জানানো হয়েছে। এছাড়া প্রতিকূল আবহাওয়ায় জামাইকা মুসলিম সেন্টারের মূল ভবনে সকাল সাড়ে আটটা থেকে পরপর কয়েকটি জামাত অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন জামাইকা মুসলিম সেন্টার পরিচালনা কমিটির সেক্রেটারি মনজুর আহমদ চৌধুরী। মহিলাদের জন্যও ঈদের জামাতে যোগ দেয়ার সুবিধা থাকবে জামাইকা মুসলিম সেন্টারে। আরাফাত ইসলামিক সেন্টারের উদ্যোগে ঈদের জামাত অনুষ্ঠিত হবে হিলসাইড আভিন্যুর সুজান বি অ্যান্থনি স্কুল মাঠে।

জামাইকা আমেরিকান সেন্টারের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতরের দিন ঈদের তিনটি জামাত অনুষ্ঠিত হবে। বিশেষ জামাত অনুষ্ঠিত হবে সকাল সাড়ে ছয়টায়। এছাড়া স্থানীয় রুফজ কিং পার্কে ঈদের দুইটি জামাত অনুষ্টিত হবে। সকাল আটটায় এবং সকাল দশটায়। আবহাওয়া প্রতিকুল থাকলে ঈদের জামাত মসজিদ ভবনে অনুষ্টিত হবে বলে জানানো হয়েছে। জামাইকা মসজিদ মিশন জামে মসজিদে ঈদুল ফেতরের ৪টি জামাত অনুষ্টিত হবে। সকাল ৭টা থেকে শুরু করে এক ঘণ্টা পরপর। শেষ জামাত হবে সকাল দশটায়। দারুস সালাম মসজিদ জামে মসজিদের জামাত হবে যথাক্রমে ৭টা, ৮টা ,৯টা এবং সকাল ১০টায়।

প্রথম জামাত ছাড়া প্রত্যেক জামাতে মহিলাদের জন্য পৃথক জামাতের ব্যবস্থা থাকবে বলে জানানো হইছে। এছাড়া জ্যাকসন হাইটসে ইসলামিক সেন্টার, আবু হুরায়রা মসজিদ, গাউছিয়া মসজিদ, ব্রুকলিনের বাংলাদেশ মুসলিম সেন্টার জামে মসজিদ, ব্রংকসের পার্কচেষ্টার জামে মসজিদ সহ নিউইয়র্কের বাংলাদেশী বহুল এলাকার প্রত্যেকটি মসজিদ ঈদের জামাতের ব্যবস্থা করেছে।

# এ আর্জি মহান আল্লাহর কাছে

**রুদ্র মাসুদ**, *মক্কা থেকে*

করোনা মহামারির সময় পেরিয়ে আবার জেগে উঠছে জনপদ। স্বাভাবিক হতে চলেছে বিশ্ব। আল্লাহর নৈকট্যলাভের আশায় বিশ্বের মুসলমানরা পবিত্র কাবায় ছুটছেন। সারাবিশ্ব থেকে ওমরাহ পালনের জন্য রমজানের শেষ ১০দিনে হাজিদের ব্যাপক উপস্থিতি এখন পবিত্র কাবায়। গত দু'বছর সীমিত পরিসরের কারণে ওমরাহ পালন করতে না পারায় এবার হাজিদের সমাগম অনেক বেশি। তওয়াফের মাঠে এহরাম ছাড়া অর্থাৎ হাজিরা ছাড়া মুসল্লিদের প্রবেশ নেই।

জাগতিক সব ধ্যান ভুলে গিয়ে আল্লাহর দরবারে হাত তুলছেন হাজিরা। এ প্রার্থনা মাগফিরাতের জন্য। এ প্রার্থনা মানবকল্যাণ ও শান্তির জন্য। মনের যতে সব চাওয়া নিয়ে মহান আল্লাহর কাছে আর্জি হিসাবে পেশ করছেন হাজিরা।

# এনওয়াইপিডি

প্রথম পৃষ্ঠার পর

মধ্যে উল্লেখযোগ্য অংশ ভ্যাকসিন না নেয়ার পক্ষে অবস্থান নেন। নগর কর্মীদের জন্য ভ্যাকসিন বাধ্যতামূলক করা হলে এ নিয়ে বিতর্ক শুরু হয়। ধর্মীয় ও অন্য কোনো গ্রহণযোগ্য কারণে ভ্যাকসিন গ্রহণের বাধ্যবাধকতা থেকে অব্যাহতির জন্য আবেদন জানাতে বলা হয়। এনওইয়াইপিডির পক্ষ থেকে ছয় হাজারের বেশি আবেদন পড়ে বলা জানানো হয়েছে। এসব আবেদনের মধ্যে কতটি গ্রহণ এবং কতটি প্রত্যাখ্যান করা হয়েছে, এনিয়ে নগরভবন থেকে কোনো তথ্য প্রকাশ করা হয়নি। জানুয়ারি মাসে টিকা গ্রহণ না করার কারণে নিউইয়র্ক পুলিশের ৩৬ কর্মকর্তাকে বরখাস্ত করা হয়। টিকা নেয়া না-নেয়ার বাধ্যবাধকতা নিয়ে আমেরিকার সর্বত্র বিতর্ক চাঙ্গা হয়ে উঠেছিল টিকা গ্রহণের শুরু থেকেই।

রক্ষণশীলদের একটি পক্ষ টিকার বিরুদ্ধে অবস্থান গ্রহণ করে। কেউ ধর্মীয় বিশ্বাসের কারণ দেখিয়ে, কেউ শারীরিক কারণ দেখিয়ে টিকা গ্রহণে অস্বীকার করে।

নিউইয়র্কসহ উদারনৈতিক রাজ্যগুলোতে নগরকর্মীদের টিকা গ্রহণ বাধ্যতামূলক করে আইন প্রণয়ন করা হয়। এর প্রতিবাদে অনেকেই বিক্ষোভ করেছে, কেউ স্বেচ্ছায় চাকরি ছেড়ে দিয়েছে। নিউইয়র্কে টিকা না নেয়া পুলিশ কর্মকর্তাদের আমেরিকার বিভিন্ন রক্ষণশীল রাজ্যে কাজ দেয়ার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে।

# ধর্মীয় সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ের

প্রথম পৃষ্ঠার পর

বাড়াতে কর্মরতদের সমর্থন ও সুরক্ষার তাগিদ দিয়েছেন সদ্য ঢাকা সফরকারী মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের ধর্মীয় স্বাধীনতা বিষয়ক বিশেষ দূত রাশাদ হোসাইন। বাংলাদেশে ধর্ম-বিশ্বাস নির্বিশেষে মানুষের শান্তিপূর্ণ সহাবস্থানের বিষয়টি উল্লেখ করে এতে বিভাজনের অপচেষ্টা এবং ধর্মীয় সহিংসতায় উস্কানিদাতাদের (তৃতীয় পক্ষ) বিরুদ্ধে সরাসরি লড়াইয়ের পরামর্শ দিয়েছেন তিনি।

অ্যাম্বাসেডর হোসাইনের ঢাকা সফরের নিয়ে মার্কিন বিচার মন্ত্রণালয় এমন বিবৃতিই প্রদান করেছে।

"রিডআউট অব অ্যাম্বাসেডর হোসাইন'স ট্রিপ টু বাংলাদেশ" শীর্ষক শিরোনামে প্রচারিত ইউএস ডিপার্টমেন্ট অব জাস্টিসের মুখপাত্রের মিডিয়া নোটে বলা হয়, সফরকালে অ্যাম্বাসেডর হোসাইন বাংলাদেশ সরকারের প্রতিনিধি, নাগরিক সমাজ, তরুণ-যুবা নেতৃত্ব তথা বিভিন্ন ধর্ম-বিশ্বাসের মানুষের সঙ্গে সিরিজ বৈঠক এবং মতবিনিময় করেছেন। সর্বত্রই তিনি ধর্ম পরিচয় নির্বিশেষে মানুষের শান্তিপূর্ণ সহাবস্থানের প্রশংসা করেন এবং বিদ্যমান অবস্থানকে উৎসাহিত করেন। সেই সঙ্গে যারা কোনো ধর্ম বা বিশ্বাসের ধার ধারে না তাদের অধিকারও সুরক্ষার তাগিদ দেন তিনি। মিস্টার হোসাইন গত অক্টোবরে হিন্দু সম্প্রদায়কে টার্গেট করে ধর্মীয় খোলসে পরিচালিত সহিংসতার বিরুদ্ধে সরকারের দ্রুত পদক্ষেপের প্রশংসা করেন।

অ্যাম্বাসেডর অ্যাট লার্জ ফর ইন্টারন্যাশনাল রিলিজিয়াস ফ্রিডম রাশাদ হোসেন ১৭-২০ এপ্রিল বাংলাদেশের রাজধানী ঢাকা এবং মিয়ানমার সীমান্তবর্তী জেলা কক্সবাজার সফর করেন উল্লেখ করে মার্কিন বিচার মন্ত্রণালয়ের বিবৃতিতে আরও বলা হয়, কক্সবাজার অবস্থানকালে রাষ্ট্রদূত হোসাইন বর্মী বর্বরতা ও নিপীড়ন থেকে প্রাণ বাঁচাতে পালিয়ে আসা রোহিঙ্গারা যেসব চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছেন, হচ্ছেন এবং তাতে মার্কিন যুক্তরাষ্ট্র কীভাবে তাদের সমর্থন করতে পারে সে সম্পর্কে জানতে শরণার্থী শিবির পরিদর্শন করেন।

বিবৃতিতে বলা হয়, রোহিঙ্গাদের বিরুদ্ধে মিয়ানমারের সেনাদের গণহত্যসহ মানবতাবিরোধী অপরাধের বিচার প্রশ্নে গত মাসে (মার্চে) মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্থনি জে ব্লিঙ্কেন যে অঙ্গীকার করেছেন রাষ্ট্রদূত হোসাইনের সফরে সেটি পূনর্ব্যক্ত করা হয়। পাশাপাশি রোহিঙ্গাদের প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের অটল সমর্থনের বিষয়টিও তুলে ধরা হয়। বিবৃতিতে জানানো হয়, রাষ্ট্রদূত হোসাইন ঢাকা সফরকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী, ধর্ম প্রতিমন্ত্রীসহ বাংলাদেশের ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ করেন। সে সব বৈঠকে তিনি স্বাধীনভাবে মানুষের ধর্ম পালন বা বর্জনের অধিকার এবং মত প্রকাশের স্বাধীনতার প্রতি মার্কিন সমর্থন পুনর্ব্যক্ত করেন। রোহিঙ্গা শরণার্থীদের আশ্রয় এবং দেখভালে বাংলাদেশ যে উদারতার স্বাক্ষর রেখেছে সে জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন বাইডেন দূত। সেই সঙ্গে বাস্তুচ্যুত ওই জনগোষ্ঠীর উন্নত ভবিষ্যত গড়ে তুলতে সাহায্য করার জন্য বাংলাদেশ তথা আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি উন্মুক্ত আহ্বান জানান। বাস্তুচ্যুতদের শিক্ষা লাভের পথ প্রশস্তকরণ তথা এডুকেশনে গ্রেটার অ্যাক্সেস এবং তাদের জীবনযাত্রার উন্নতিতে সহায়তা করার জন্য অতিরিক্ত বরাদ্দ প্রদান এবং রোহিঙ্গাদের মৌলিক মানবাধিকারের সুরক্ষা নিশ্চিতের তাগিদ দেন তিনি।

উল্লেখ্য, বাইডেনের বিশেষ দূত রাশাদ হোসাইন কক্সবাজারে শিশু-কিশোরদের পাঠশালা এবং উপার্জনক্ষম কিশোরী ও নারীদের প্রশিক্ষণ কেন্দ্রগুলো ঘুরে দেখেন। সব মিলে তাঁ সফরটি স্মরণীয় ছিল বলে টুইট বার্তায় উল্লেখ করেন। অল্প বয়সী এক কন্যা শিশুর কোরআন তিলাওয়াতে মুগ্ধতার বয়ানও মিলেছে অ্যাম্বাসেডর এট লার্জ রাশাদ হোসাইনের টুইটে। বাংলাদেশ সফর নিয়ে গত ক'ঘণ্টায় একের পর এক সচিত্র টুইট করেছেন তিনি। ভারতীয় বংশোদ্ভূত ওই মুসলিম দূতের সেই সব টুইটে অনুভূতি প্রকাশই ছিল মূখ্য।

# জবাবদিহিতা নিশ্চিত করতে হবে

প্রথম পৃষ্ঠার পর

স্ট্রাটেজিক স্ট্যাডিজ (বিআইআইএসএস) মিলনায়তনে অনুষ্ঠিত এক সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে মার্কিন রাষ্ট্রদূত একথা বলেন।

গত বছরের ডিসেম্বরে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে বাংলাদেশের র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) এবং এই বাহিনীর সাবেক ও বর্তমান ছয় কর্মকর্তার বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র। এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য অনুরোধ জানিয়েছে আসছে বাংলাদেশ সরকার। যুক্তরাষ্ট্র–বাংলাদেশ অংশীদারত্ব নিয়ে সেমিনারে রাষ্ট্রদূত পিটার হাস বলেন, র‍্যাব এখন যেভাবে সন্ত্রাসবাদ মোকাবিলা করছে, সেইভাবে বাহিনীটিকে কার্যকর দেখতে চান তারা। তবে তাদের মৌলিক মানবাধিকারও মেনে চলতে হবে।

মার্কিন রাষ্ট্রদূত বলেন, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে জোরাল নিরাপত্তা সহযোগিতা রয়েছে। র‍্যাবের ওপর নিষেধাজ্ঞা এই সহযোগিতা বৃদ্ধির ক্ষেত্রে কোনো বাধা হয়ে দাঁড়াবে না।

আন্তর্জাতিক অপরাধ ও সন্ত্রাসবাদ দমন, সীমান্ত নিরাপত্তা বৃদ্ধি এবং সহিংস চরমপন্থা প্রতিরোধে যুক্তরাষ্ট্র বাংলাদেশের সঙ্গে কাজ করে যাবে বলে জানান পিটার হাস।

# মাশুল নাও দিতে পারে ডেমোক্র্যাট দল!

প্রথম পৃষ্ঠার পর

বাইডেনের সমর্থকদের কাছে মোটেই সুখকর নয়। এসব শিরোনামের মধ্যে রয়েছে, আমেরিকার যুবক শ্রেণীর মধ্যে প্রেসিডেন্ট জো বাইডেনের জন্রিয়তায় ধস নেমেছে। জরিপ নির্ভর আমেরিকার রাজনীতির হিসেবনিকেশে দেখা গেছে, অতীতের যে কোনো ক্ষমতায় থাকা প্রেসিডেন্টের চেয়ে যুব সমাজের কাছে প্রেসিডেন্ট বাইডেন অজনপ্রিয় হয়ে উঠেছেন।

বার্তাসংস্থা সিএনএন'র উদারনৈতিক সাংবাদিক হ্যারি এন্টেন তাঁর বিশ্লেষণমূলক প্রতিবেদনে বলেছেন, প্রেসিডেন্ট বাইডেনের প্রতি যুব ভোটাররা মুখ ফিরিয়ে নিলেও ২০২২ সালের মধ্যবর্তী নির্বাচনে ডেমোক্র্যাট দলে এর প্রভাব নাও পড়তে পারে।

ক্ষমতার প্রথম বছরেই জাতীয় জনমত জরিপে প্রেসিডেন্ট জো বাইডেন ১০ শতাংশ জনসমর্থন হারিয়েছেন। গ্যালাপো জরিপের ফলাফল বিশ্লেষণ করে দেখা গেছে, আমেরিকার ১৮ থেকে ২৯ বছর বয়সের লোকজনের মধ্যে প্রেসিডেন্ট বাইডেনের সমর্থন এখন মাত্র ৩৮ শতাংশ। ২০২১ সালের জানুয়ারি মাস থেকে জুলাই মাস পর্যন্ত এ বয়সের আমেরিকানদের কাছে তাঁর জনপ্রিয়তা ছিল ৬১ শতাংশ। সাধারণ জরিপে দেখা গেছে, প্রেসিডেন্ট বাইডেন এসব যুব ভোটারের কাছেই জনপ্রিয়তা হারিয়েছেন সবচেয়ে বেশি।

নির্বাচনে যুব ভোটারদের উপস্থিতি থাকে বেশি। যদিও বয়স সীমারেখার এ জনগোষ্ঠীর জনমত জরিপ নির্বাচনি মাঠের আসল চিত্র তুলে ধরতে পারে না বলে সাংবাদিক হ্যারি এন্টেন বিশ্লেষণ করে দেখিয়েছেন। প্রেসিডেন্ট জো বাইডেনের প্রতি বিমুখ হলেও ডেমোক্র্যাট দলের প্রতি যুব আমেরিকানদের পক্ষপাত বহাল রয়েছে। গ্যালাপো জরিপে ৩০ বছরের নিচে ভোটারদের প্রশ্ন করা হয়েছিল, কংগ্রেশনাল পদে কাকে ভোট দেবে? এর উত্তরে ৪৮ শতাংশ লোকজন বলেছে, ডেমোক্র্যাট দলের কথা। রিপাবলিকান দলের পক্ষে মত দিয়েছে ২৯ শতাংশ ৩০ বছরের কম বয়স এমন ভোটার। রিপাবলিকান দলের সাথে ১৯ শতাংশের এ ব্যবধানের মধ্যেই ডেমোক্র্যাট দল আসছে নির্বাচনে নিজেদের উতরে যাওয়ার সম্ভাবনা দেখছে।

বিভিন্ন জরিপে দেখা গেছে, ২০২০ সালের তুলনায় সার্বিকভাবে যুব ভোটারদের কাছে ডেমোক্র্যাট দলের জনপ্রিয়তা কমেছে ৭ শতাংশের মতো। এ বিষয়টিকে খুবই নাজুক বলে মনে করছেন না উদারনৈতিক বিশ্লেষকরা। আমেরিকার রাজনীতির পটপরিবর্তন ঘটেছে এ সময়টিতে ব্যাপক। বেশ কিছু অভ্যন্তরীণ এবং বৈশ্বিক নাজুক ইস্যুর মধ্য দিয়ে প্রেসিডেন্ট জো বাইডেনকে অতিক্রম করতে হচ্ছে। এ সময়ের মধ্যে রিপাবলিকান দল নাটকীয় কোনো রাজনীতি উপস্থাপন করতে পারেনি, যা যুব সমাজকে বা সাধারণ জনগণকে আকৃষ্ট করতে পেরেছে।

এমনিতেই প্রেসিডেন্ট জো বাইডেনের রাজনৈতিক যাত্রাপথ বিশ্লেষণ করে দেখা গেছে, ২০২০ সালের নির্বাচনের শুরুর দিকে যুব ভোটারদের কাছে তাঁর জনপ্রিয়তা অন্যান্য প্রার্থীর চেয়ে কম ছিল। নিজের দলের মধ্যেই হিলারি ক্লিনটন তখন ছিলেন যুব ভোটারদের পছন্দের শীর্ষে। শেষ মুহূর্তে জো বাইডেন যুব ভোটারদের মন জয় করতে সক্ষম হয়েছিলেন।

৩০ বছরের কম আমেরিকান ভোটারদের নিয়ে অন্য সমস্যাও রয়েছে। জনমত জরিপে দেখা গেছে, মাত্র ১০ শতাংশ এমন ভোটার বলেছে, তাঁরা আগামী নির্বাচন নিয়ে খুবই উৎসাহী। যুব ভোটারদের ভোট কেন্দ্রে উপস্থিত করানো একটি বড় সমস্যা। আলাদা কোনো উদ্দীপনা সৃষ্টি না হলে বয়সভিত্তিক এ ভোটার দলটি ভোট প্রদানে অনীহ বলে দেখা যায়।

আমেরিকার গত ১৪০ বছরের ইতিহাসে কোনো প্রেসিডেন্ট স্বেচ্ছায় দ্বিতীয় দফা নির্বাচন থেকে সরে দাঁড়াননি। সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট হিসেবে ক্ষমতায় থাকা প্রেসিডেন্ট জো বাইডেন আরেক দফা নির্বাচন করবেন —এমন কথা তিনি বলছেন ঠিকই। স্বাস্থ্য ও বয়স বিবেচনায় রেখে আমেরিকার যেকোনো রাজনৈতিক আলোচনায় তাঁর দ্বিতীয় দফা নির্বাচন নিয়ে সংশয় প্রকাশ করা হয়। অপরদিকে ক্ষমতা থেকে পর্বে যাওয়ার পর আবার ক্ষমতায় আসার জন্য মরিয়া সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ২০২৪ সালের নির্বাচন করবেন এমন আলামত বেশ স্পষ্ট এখন।

ডোনাল্ড ট্রাম্প যেমন তাঁর দলের মধ্যে এখনও জনপ্রিয়, একইভাবে ডেমোক্র্যাট দলের মধ্যে প্রেসিডেন্ট জো বাডেনের জনপ্রিয়তা চলমান। ২০২৪ সালের নির্বাচনে ডোনাল্ড ট্রাম্প আবার রিপাবলিকান দলের প্রার্থী হলে ডেমোক্র্যাট দলের হয়ে প্রেসিডেন্ট জো বাইডেন ছাড়া এখনও কোনো বিকল্প দেখা যাচ্ছে না। সেক্ষেত্রে যুব ভোটারদের মধ্যে প্রেসিডেন্ট জো বাইডেনের চলমান নিম্নমুখী জনমত ২০২৪ সালের নির্বাচনের জন্যও খুব বড় হুমকি হিসেবে অনেকেই দেখছেন না।

# ভারত-পাকিস্তানে ধর্মীয় স্বাধীনতার

প্রথম পৃষ্ঠার পর

প্রতিবেদনে বলা হয়, বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার প্রায় সব দেশে ধর্মীয় স্বাধীনতার অবনতি হয়েছে।

প্রতিবেদনে আফগানিস্তান, ভারত, পাকিস্তানসহ ১৫টি দেশকে ধর্মীয় স্বাধীনতার ক্ষেত্রে বিশেষ উদ্বেগজনক দেশের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

ভারত প্রসঙ্গে প্রতিবেদনে বলা হয়েছে, দেশটিতে ২০২১ সালে ধর্মীয় স্বাধীনতা পরিস্থিতির মারাত্মক অবনতি ঘটেছে। সেখানকার সরকার হিন্দু জাতীয়তাবাদের প্রসার ঘটানো এবং কেন্দ্রীয় ও রাজ্য পর্যায়ে একটি হিন্দু রাষ্ট্রের আদর্শ বাস্তবায়নের জন্য বিভিন্ন আইনি ও কাঠামোগত পরিবর্তন আনছে। হিন্দু নয় এমন ব্যক্তিদের ধর্মান্তর এবং ভিন্নধর্মাবলম্বীদের মধ্যে বিবাহের পথে বিভিন্ন অন্তরায় সৃষ্টি করা হচ্ছে। এসব পরিবর্তন মুসলমান, খ্রিষ্টান, শিখ ও দলিতসহ ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য প্রতিকূল বলে বিবেচিত হচ্ছে। ধর্মীয় সংখ্যালঘু ব্যক্তিরা ভারতের বিভিন্ন স্থানে আক্রমণের শিকার হচ্ছে, নিরাপত্তাহীনতায় ভুগছে। এসব হামলার জন্য দায়ী ব্যক্তিরা বিচারিক ছাড় ভোগ করেন—এমন ধারণা ভারতীয় সমাজে বিস্তার লাভ করেছে।

প্রতিবেদনে সংখ্যালঘু মুসলমানদের প্রতি বৈষম্যমূলক নাগরিকত্ব (সংশোধন) আইন প্রবর্তনের কথাও উল্লেখ আছে। কমিশন যুক্তরাষ্ট্র সরকারকে বলেছে, ভারতের সঙ্গে সম্পর্কের সকল পর্যায়ে ধর্মীয় স্বাধীনতা, মর্যাদা ও আন্তধর্ম

**প্রতিবেদনে আফগানিস্তান, ভারত, পাকিস্তানসহ ১৫টি দেশকে ধর্মীয় স্বাধীনতার ক্ষেত্রে বিশেষ উদ্বেগজনক দেশের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।**

সংলাপের প্রসারের বিষয়টি জোরালোভাবে তুলে ধরতে হবে।

পাকিস্তানে ২০২১ সালে আহমদিয়া ও শিয়া মুসলমান, খ্রিষ্টান ও হিন্দু সম্প্রদায়ের মানুষের বিরুদ্ধে খুন, দলবদ্ধ আক্রমণ, জবরদস্তি ধর্মান্তর ও বিবাহ এবং তাদের বাড়ি ও উপাসনালয়ে হামলা অব্যাহত ছিল বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়। ব্লাসফেমি ও আহমদিয়া-বিরোধী আইন বাতিল এবং ধর্মীয় বিদ্বেষমূলক অপরাধে জড়িত ব্যক্তিদের সাজার আওতায় আনতে পাকিস্তান সরকারের ওপর চাপ সৃষ্টির জন্য কমিশন যুক্তরাষ্ট্র সরকারের কাছে সুপারিশ করেছে।

প্রতিবেদনে বাংলাদেশে গত অক্টোবরে শারদীয় দুর্গোৎসবের সময় সংঘাতের বিষয়টি তুলে ধরে বলা হয়েছে, সংঘাত ঠেকাতে সরকারের উদ্যোগের পরও সপ্তাহব্যাপী হিন্দু সম্প্রদায়ের সদস্যরা ও তাদের ধর্মীয় উপাসনালয় আক্রান্ত হয়েছে। প্রতিবেদনে রোহিঙ্গা নেতা মুহিবুল্লাহর হত্যাকাণ্ড এবং ভাসানচরে রোহিঙ্গাদের স্থানান্তরের বিষয়টি তুলে ধরে বলা হয়েছে, বাংলাদেশ সরকার রোহিঙ্গাদের অগ্রহণযোগ্য পরিবেশে রেখেছে এবং শিবিরে বিদ্যালয় বন্ধ করে দিয়েছে।

দক্ষিণ এশিয়ার আরেক দেশ মিয়ানমার সম্পর্কে প্রতিবেদনে বলা হয়, ২০২১ সালে মিয়ানমারে সামরিক বাহিনী রাষ্ট্রীয় সিদ্ধান্তে ধর্মীয় স্বাধীনতার মারাত্মক অবনতি ঘটিয়েছে। এর ফলে রোহিঙ্গাসহ সব ধর্মীয় সংখ্যালঘুর বিরুদ্ধে গৃহীত নিবর্তনমূলক ব্যবস্থার জন্য দায়ী ব্যক্তিদের নিষেধাজ্ঞার আওতায় আনার জন্য কমিশন যুক্তরাষ্ট্র সরকারকে সুপারিশ করেছে।

কমিশন অন্য যেসব দেশকে ধর্মীয় স্বাধীনতার ক্ষেত্রে বিশেষ উদ্বেগ করে দেশের তালিকায় যুক্ত করে সম্পদ জব্দ করা এবং নিষেধাজ্ঞাসহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণের জন্য যুক্তরাষ্ট্র সরকারকে বলেছে তারা হলো আফগানিস্তান, চীন, ইরান, সৌদি আরব, ইরিত্রিয়া, নাইজেরিয়া, উত্তর কোরিয়া, রাশিয়া, সিরিয়া, তাজিকিস্তান, তুর্কমিনিস্তান ও ভিয়েতনাম।

এ ছাড়া কমিশন মালয়েশিয়া, তুরস্ক, আলজেরিয়া, আজারবাইজান, সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক, কিউবা, মিশর, ইন্দোনেশিয়া, ইরাক, কাজাখস্তান, নিকারাগুয়া ও উজবেকিস্তানকে ধর্মীয় স্বাধীনতার অবনতির জন্য বিশেষ নজরদারির আওতায় আনতে যুক্তরাষ্ট্র সরকারকে সুপারিশ করেছে। শ্রীলঙ্কা, নেপাল ও মালদ্বীপে ধর্মীয় স্বাধীনতার অবনতি ঘটেছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়।

বাংলাদেশে গত অক্টোবরে দুর্গোৎসবের সময় সংঘাতের বিষয়টি তুলে ধরা হয়েছে।


" যারা জীবন ভরে রাখছে
রোজা, নিত্য উপবাসী
সেই গরীব ইয়াতীম মিসকিনে
দে যা কিছু মুফিদ
ও মন রমজানের ঐ রোজার
শেষে এলো খুশির ঈদ। "
ঈদ মোবারক
ঈদ মুবারক
কাজী আশরাফ হোসেন নয়ন
সভাপতি পদপ্রার্থী
বাংলাদেশ সোসাইটি
সাবেক সভাপতি
মিরসরাই সমিতি ইউএসএ

# ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



**স্থান পরিবর্তন**

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

# জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

**GRAND RE-OPENING SALES**



আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
**Bismillah Pharmacy**
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন ব্লুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

## আস্-সালাম ফার্মেসি



(সাটফিন ব্লুভাড, এফ ট্রেনের
সাবওয়ে এবং তাজমহল
রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫



ফোন: ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

SE CI

# সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
# SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DB&F and MD OCFR



খোশ আমদেদ
মাহে রামাদ্বান
সবাইকে পবিত্র ঈদ-উল ফিতর-এর
শুভেচ্ছা

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন




## জেগে উঠছে আগ্নেয়গিরি

### আলী সিদ্দিকী

নদীর নিতম্বে জমা নাগরিক বর্জ্য জমির উর্বরতা বাড়িয়েছে প্রচুর
ষোল কোটি মুখের বিপুল দানাপানি উৎসব মাটি করে ফুটপাতে
চোখ উল্টানো হাভাতে
ঝাঁক ঝাঁক ভিখেরির আর্তচিৎকারে পণ্ড হালাল মচ্ছব
খোর্মা খেজুরে লাপাত্তা হালখাতা।

তুমিও উড়াল দেয়া স্বাধীনতায় মুক্ত পাখি হলে স্বনামী সেলাই দিদিমণি
হাতে হাত রেখে শস্যকণার দ্যুতি ছড়ালে মাটির বুকে
অতঃপর সোনালী সেনানীরা তোমার বুক দুটো খুবলে নিয়ে
ধুবঘাট রেলব্রিজে ঝুলিয়ে দিলো সভ্যতা
খেলুড়ে স্বাধীনতা।

মৃত সময়ের ভস্ম মেখে তোমার চিতায় পোড়াই ব্রাত্যভূমির কুশপুত্তলিকা
মাটির তলদেশে বহমান রক্তস্রোতে মেশে তোমার নিকষিত রক্তদানা
ভূগর্ভে রক্ত রোমন্থনে জেগে উঠছে নতুনতর এক ভয়াল আগ্নেয়গিরি ধীরে ধীরে
আসন্ন অগ্ন্যুৎপাতে ভস্ম হবে
মিথ্যার মিথে নির্মিত এই ভ্রমবাজার।

## বাবা

### রওশন হক

ভাবছি তোমার আগে যদি আমার জন্ম হতো
তবে কি হতে পারতো!
অনেক কিছু হতো! এক পাহাড় সত্যের জন্ম হতো
তার থেকে এক চিমটি সত্য নিয়ে সব অসত্যকে গুঁড়িয়ে;
আকাশ ভরা খুশি জমা থাকতো আমাদের মনে।
আমাদের কোন পীড়ন, ক্ষোভ থাকতো না!
তোমাকে নিয়ে আমাদের দিনগুলি সূর্যের মতো আলো ছড়াতো
যা পৃথিবীতে খুব বেশি দেখা মিলে না।
কখনো তোমাকে পেয়েছি দীঘির জলের মতই শান্ত
পরক্ষণেই দেখেছি প্রচন্ড অশান্ত দুর্নিবার কেউ।
কি বইতো তোমার রক্তে? কি খেলা করতো তোমার মস্তিষ্কের শিরা-উপশিরায়,
যদি একবার জানতে পারতাম,
আমার আত্মার ছটফটানি কিছুটা হলেও দূর হতো।
আজকাল নিজের চোখ দুটোকেও অবিশ্বাস্য লাগে
মুছে দিতে ইচ্ছা করে সেই সব দিনগুলি, যেখানে তোমার থাকা
না থাকার অস্তিত্ব নিয়েই আমাদের বেড়ে উঠা!
মাঝেমাঝে ভাবি, কেন তোমার চাইতে আমি বড় হলামনা?
তুমি যদি অন্যসব বাবাদের চেয়ে আলাদা-ই হবে,
তবে তোমার আগে আমার জন্ম হতেই পারতো।
হলে হয়তো, মুছে দিতে পারতাম সেইসব দিনগুলো
দিনের আলোয় রাতের আঁধারে যা ছিল মৃত্যুমুখী পতঙ্গের মতোই।

আজকাল আমার চৌকস বাক্যের সাথে হাওয়াকেও হারিয়ে যেতে দেখি
কিন্ত চোখ বন্ধ করলেই; তুমি এসে ভর করো আমার মাঝে।
ভাবছি, তোমার আগে যদি আমার জন্ম হতো
তবে কত কী হতে পারতো!

## ঢাকা চকবাজার

### মারুফ শরীফ

ক্ষোভ-লজ্জা ধিকধিক।
পোড়া নর-জল চিকচিক।
জয়-হুররে কর খিকখিক।

জান-যান নর মান,
শান সস্তা খান খান।

পুড়ে কয়লা ঢাকা চকবাজার।
গেল সম্পদ কোটি শ'হাজার।

পুড়ে হোক নর কয়লা কোটি বা হাজার।
নির্বিঘ্ন চাই রাজদণ্ড, শখ সে এ রাজার।

হাহাহা হাস ফিকফিক।
শাসক তেল পিক পিক।

নিক নিক সব নিক, অত্র এ হাল।
তবু তারা জান দিক নির্ভেজাল।

নেয় নিক চারদিক, চাই শুধু বাঁচতে।
যাক সর্বস্ব হই নিস্ব, চাই কেবল হাসতে।
দম রেখে জনে জনে, চাই ভালবাসতে।

## লেখার কথা

### ভজন দত্ত

এই যে বসন্ত প্রকৃতির বুকে রংয়ের ছররা চালিয়ে
বলে গেল, 'বস অনন্ত'!
ব্যাস! কলম ধরে বসে আছে কলমখেকো জনতা।

কলমের কালি কার যে কখন ফুরিয়ে আসে,
সে কথা তো জানে না নদী!
তার বুকভরা জল, কাদা, না বালি,
মায়া ছলাৎছল নাকি বাস্তব-গরল!

কৃষকের লাঙল, কোদাল, শ্রমিকের হাতুড়ি ও ছেনি,
শিল্পীর তুলি,আটপৌরে মানুষের কলম-কালি,
নিজনিজ সোহাগধন নিয়ে মোহ আচ্ছন্ন আমআদমি।

'ক্যাপটেন' কিংবা 'দিল সে' দিয়ে বাংলা দখল সম্পূর্ণ হয়ে এলে,
টোটো টোটো হাঁক পেড়ে একদিন মানুষ বলবে,
'আমি লিখবো, আমরা লিখবো, আমাদের লেখাজন্ম'।

সাধারণ মানুষ লিখবে, এজন্মে না হলেও পরজন্মের জন্য লিখবে।
পৃথিবীতে প্রজন্মের পর প্রজন্ম সংসার আর লেখা ছাড়া
তারা আর কিইবা রেখে যেতে পারবে...

## নিশ্চুপে পড়ি

### আহসান জামান

নিশ্চুপে পৃথিবীর আহ্নিকগতি পড়ি
পুঁথির পাতায়, যেখানে ঋতুরা হাওয়ার
গল্প বলে, সমুদ্র আছড়ে পড়ে ঢেউময়।
কালের কাঁটায় নাচে দিবানিশি, শ্রান্তি
মুছে পরিয়ে দেয় স্বপ্নালু দুচোখ জুড়ে।

নিশ্চুপে তোমার গতিবিধি দেখি, পর্দায়
ছায়া পড়ি নিশি অন্ধকারে, আর পদচিহ্ন
ধরে হেঁটে যাই কতদূর; তোমার আড়চোখ
খুঁজি। অপেক্ষা বুড়ো হয়, তৃষ্ণার্ত প্রতীক্ষায়।

নিশ্চুপে স্বপ্ন বুননবিদ্যা শিখি; ক্ষয়িষ্ণুতা
উপচে পড়ে আয়ুপথে। মাথাভর্তি বখাটে
চুলে কুয়াশার মতো তোমার ঘৃণা জড়িয়ে



## মন মানচিত্র

### জুলি রহমান

মনের মানচিত্র আঁকেন তিনি?
যা এযাবৎ কেউ পারেনি!
মনকে দেখা সম্ভব হয় কি?
তবে তাঁর মানচিত্র আঁকা?

জীবন যাতনা যায় না দেখা
তেমনি অদৃশ্য ভাবনার বিস্তার
যার আঁকিবুকি মনেতেই হয়
যা বহির্দৃশ্যাগত নয় কোনো ভাবেই...

চারশ হাড়ের ঘরের ভেতর মন মহাজন
খুপড়ি কাটা জানালা গরাদ বসা ছ'জন
কেউ জানে না কারো খবর হাওয়ায় চলাচল
হিকমত হাকিকতে দেহের বয়ান মন-মানচিত্র?

# নববর্ষে বদলে যাক বিশ্বমণ্ডল

আবদুস শহীদ



নতুন বছর মানে বদলে যাওয়ার আগামী। এ সময়ে তাকাতে ইচ্ছে করে ভবিষ্যতের দিকে। কী ঘটতে যাচ্ছে আগামীর পৃথিবীতে, সবাই জানতে চায়। আগামী পৃথিবীর বাস্তবতা বা কেমন হবে বুঝে নিতে চায় সবাই।

প্রায় আড়াই হাজার বছর আগে জ্যোতির্বিজ্ঞান যখন মানুষের নির্বিকল্প সারথি হয়ে উঠল, তখন জ্যোতির্বিদ্যা টিয়া পাখির দখলে চলে গেল।

আজ তার জায়গা ফুটপাতে। জ্যোতির্বিদ্যা যখন কিছু মানুষের মধ্যে বিশ্বাসের স্থান দখল করে নিয়েছে, তখনজ্যোতির্বিদ্যার অন্যঅংশ জায়গা করে নিল নাসায়। জ্যোতির্বিজ্ঞানীরা প্রমান করতে চাইলেন এলিয়েন নামে ভূপৃষ্ঠে অন্য কোন প্রাণীর অস্বস্তিত্বেরকথা।

১৯৫৮ সালে জন্ম নেওয়া নাসা মার্কিন গবেষণাগার নামে এই সংস্থাটির জন্ম হয়। এক শতাব্দীর বেশি সময় ধরে মহাকাশবিজ্ঞানীরা খুঁজে বেড়াচ্ছেন এলিয়েন নামে কোন প্রাণীর খোঁজ পাওয়া যায় কি না। কেউ বলেন বিশ্বভ্রমাণ্ডের কোথাও না কোথাওএলিয়েন বলে নিশ্চয়ই কিছু আছে। আবার কেউ বলছে বিষয়টি একবারেই অবাস্তব।

মার্কিন মহাকাশ গবেষণাগার নাসা যখন অ্যালিযেন রহস্যের সমাধান খুঁজতে কোমর বেঁধে নামতে শুরু করেছে, তখন এইগবেষণাগারটি শুরু করে পুরোহিত বা ধর্মতত্ত্ববিদের সন্ধান। নাসা বৈজ্ঞানিকদের ধারণা মহাকাশের একমাত্র গ্রহ পৃথিবীতে প্রাণেরঅস্তিত্বের কথা উল্লেখ করেছে। যখন এই গ্যালাক্সিতে ১০০ বিলিয়নের বেশি তারা এবং মহাবিশ্বে ১০০ বিলিয়ন গ্যালাক্সি আছে, তখন পৃথিবী ছাড়াও মহাবিশ্বে প্রাণীর অস্তিত্ব থাকতে পারে। বৈজ্ঞানিকদের বিশ্বাস যখনই এলিয়েন আবিষ্কার হবে,তখনই এইবিষয় নিয়ে প্রস্তুত থাকা উচিত। সেই সাথে একমাত্র পুরোহিতরাই বলতে পারেন তাদের ধর্মতত্ত্বের ভিত্তিতে বহির্বিশ্বের প্রাণীদের কীভাবে অবস্থান।

জানা গেছে নাসায় মোট ২৪ জন পুরোহিতের চাকরি হয়েছে। এই দলে ইংল্যান্ডের বিখ্যাত পাদ্রী ডা.অ্যান্ড্রু ডেভিশনকে রাখা হয়েছে। তিনি বায়ো কেমিস্ট্রিতেও ডক্টরেট ডিগ্রি অর্জনকরেছেন। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ববিদ এই পুরোহিত নিযুক্তিকরণের সঙ্গে যুক্ত রয়েছেন।

বৃটিশ কোলিন্স ডিকশনারি অনুযায়ী,'এক ধর্মশাস্ত্রী তিনিই হতে পারেন, যিনি ইশ্বরের প্রকৃতি, ধর্ম ও ধর্মীয় বিশ্বাস গুলোকেঅধ্যায়ন করেন।'

কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ববিদ ডা.অ্যান্ড্রু ডেভিশন দাবি করেন, ঈশ্বর যে কোন স্থানে প্রাণের সঞ্চার ঘটাতে সক্ষম।

তা যদি হয়, তবে এলিয়েনদের সঙ্গে সাক্ষাতের সম্ভাবনা আছে। কিন্তু কিভাবে?

পৃথিবীর সীমানা পেরুলেই এমন এক জায়গার সন্ধান মিলে, যেখানে পৃথিবী ও সূর্যের মহাকর্ষ একে অন্যকে নিষ্ক্রিয় করে দেয়। বিষয়টা স্কাই ফি সিনেমার কাহিনীর মতো শোনালেও নাসা আসলে এলিয়েনদের খুঁজতে নেমে পড়েছে।

অজ্ঞাত উড়ন্ত বস্তুর প্রত্যক্ষদর্শীর বর্ণনানুযায়ী পৃথিবীর নানা দেশে নানা সময় এক প্রকার বস্তুকে উড়তে দেখাগেছে। বিচিত্র আকারের নভোযানের মত দেখতে এগুলো অত্যন্ত দ্রুতগতিতে উড়ে হঠাৎ অদৃশ্য হয়ে যায়। বৈমানিক থেকে শুরু করে সাধারণ মানুষের মধ্যে বহুজন এই উড়ন্ত যান দেখেছেন বলে দাবি করেন। কিন্তু অনেকেই তাদের বর্ণনা বিশ্বাস করেন না। এগুলো নিয়ে হলিউডে ছবি তৈরি হয়েছে। কিন্তু এর রহস্য ভেদ আজও হয়নি।

অনেকের ধারণা যুক্তরাষ্ট্রের কোথাও না কোথাও এর অস্তিত্ব লুকিয়ে আছে। তারা মনে করেন, যুক্তরাষ্ট্রের ভিতরেই এরকম কিছু এলিয়েন এসেছিল, সরকার নাভাডার প্রত্যন্ত অঞ্চল ৫১ নামের একটি এলাকায় লুকিয়ে রেখেছে।

এই ধারণায় বিশ্বাসীদের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। এবং এলিয়েন দেখার আশায় তারা সেখানে যাওয়ার প্রস্তুতি গ্রহণ করছে।

আমরা শুধু তারই অপেক্ষায়। এই নববর্ষে এলিয়েনদের অস্তিত্বের প্রমান ২৪ জন বেতনভূক্ত পুরোহিতদের দ্বারা কতটুকু সফলতা আনবে এই একবিংশ শতাব্দির নববর্ষে?


ঈদ মোবারক
সিয়াম সাধনার মাহে রমযানের পর
ঈদ আনন্দের হোক ! ভালোবাসার হোক
সুখেন গমেজ
লাইসেন্স রিয়েল এস্টেট এজেন্ট
929 395 8430
347-846-1200
347-846- 1569
Sukhen.gomes@gmail.com
Sukhen.kw.com
Sukhen Gomes Real Estate
Sukhen Gomes Keller Williams
Sukhen.gomes.real.estate
@GomesSukhen
Sukhen Gomes
REALTOR
EQUAL HOUSING OPPORTUNITY
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
75-35 31st Avenue, Suite:202,Jackson Heights,NY- 11370


AMERICAN MOST INFLUENTIAL BUSINESS MAGAZINE
BUSINESS America
MAGAZINE
biz-usa.org
April 1 , 2022
SUCCESSFUL
Bangladeshis
in
USA


DIGITAL BANGLADESH
ICT DIVISION
BANGLADESH HI-TECH PARK AUTHORITY
UNDP
Bangladesh
GOLDEN JUBILEE
BANGLADESH
CONCERT
Powered By
সিটি ব্যাংক
SCORPIONS
Chirkutt
MAY 6
Montefiore
CONCERT SERIES
MADISON SQUARE GARDEN
SCORPIONS
"ROCK BELIEVER"
OUT NOW
In Association with
WALTON
Supported By
UNITED GROUP
bKash
Daraz
citygroup
ADN
AKS


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
CDPAP Service
HHA/ PCA Service
Skilled Nursing
Most Popular Home Care Agency
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
MAKE MONEY BY SERVING YOUR RELATIVES AT HOME WITHOUT TRAINING
JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115
JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com
Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396

M&N HOME CARE SERVICES LLC

$23/hr

CD PAP - PCA - HHA

866-688-6922

প্রথম আলো
Prothom Alo North America
28 April 2022, Thursday, 6th Year, Issue 267, 40 Pages
২৮ এপ্রিল ২০২২, ১৫ বৈশাখ ১৪২৯, ২৭ রমজান ১৪৪৩, বৃহস্পতিবার

# ডিস্ট্রিক্ট লিডার প্রার্থী শাহ নেওয়াজের ইফতার

**উত্তর আমেরিকা অফিস**

২৫ এপ্রিল সোমবার জ্যামাইকার তাজমহল পার্টি সেন্টারে ইফতার ও ডিনারের আয়োজন করেন অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ২৪ পার্ট এ থেকে ডিস্ট্রিক্ট লিডার প্রার্থী শাহ নেওয়াজ।

অনুষ্ঠানে সাবেক নিউইয়র্ক স্টেট সিনেটর, কাউন্সিল মেম্বার ও বর্তমান অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৪ থেকে ডিস্ট্রিক্ট লিডার পদপ্রার্থী হাইরাম মানসুরাত, অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ২৮ থেকে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১



ডিস্ট্রিক্ট লিডার প্রার্থী শাহ নেওয়াজের ইফতার পার্টি। ছবি: সংগৃহীত

# মুসলিম শিক্ষার্থীদের সুবিধা দিচ্ছে আমেরিকান বিশ্ববিদ্যালয়গুলো

**এইচ বি রিতা**

বহু বর্ণ ও ধর্মগোষ্ঠীর দেশ আমেরিকার শিক্ষার্থীদের রমজান মাসে খাবার ব্যবস্থাপনা সমন্বয় করছে বেশ কিছু বিশ্ববিদ্যালয়। কলেজ-বিশ্ববিদ্যালয়গুলোতে আবাসিক শিক্ষার্থী হিসেবে থাকা মুসলিম শিক্ষার্থীদের খাবার গ্রহণের জন্য ডাইনিং ব্যবস্থা পুনর্বিন্যাস করছে বিশ্ববিদ্যালয়গুলো।

ইউনিভার্সিটি অব সাউদার্ন ক্যালিফোর্নিয়া (USC), লয়োলা ইউনিভার্সিটি শিকাগো, উটাহ স্টেট ইউনিভার্সিটি, নর্থইস্টার্ন

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪



কারাতেকা শামিমা আখতার তুলি ও তাঁর ছেলে লিওন। ছবি: সংগৃহীত

# বাংলাদেশি মা-সন্তানের বাজিমাত

## কারাতে প্রতিযোগিতা

**মনজুরুল হক**

একই মঞ্চে একই প্রতিযোগিতায় জয়ী হয়ে ছবি তুলেছেন মা-ছেলে। দু'জনেই হাস্যোজ্জ্বল, চেহারায় তৃপ্তির চাপ। বিষয়টি ছবিতে দেখতে যতটুকু সুন্দর, বাস্তবে আরও রোমাঞ্চকর। ছবিতে যে দুজনকে দেখা যাচ্ছে, তাদের একজন বাংলাদেশের প্রথম ব্ল্যাক বেল্টপ্রাপ্ত নারী কারাতেকা শামিমা আখতার তুলি এবং অপরজন তার ছেলে লিওন।

সম্প্রতি যুক্তরাষ্ট্রের লাসভেগাসে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

# প্রতিদিনের জন্য ট্রাম্পের জরিমানা ১০ হাজার ডলার

**ইব্রাহীম চৌধুরী**



ডোনাল্ড ট্রাম্প

আদালতের নির্দেশ অমান্য করার অভিযোগে অভিযুক্ত করা হয়েছে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে।

২৫ এপ্রিল সোমবার নিউইয়র্কের আদালতে বিচারক আর্থার এরগরন তাঁর রায়ে লেখেন, মি. প্রেসিডেন্ট আপনার ব্যবসা-বাণিজ্য আপনি যেমন নিষ্ঠার সাথে করে থাকেন, তেমনি আমিও আমার কাজটি নিষ্ঠার সাথে করি।

বিচারক আর্থার এরগরন আদালতের নির্দেশ অমান্য করার কারণে ডোনাল্ড

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩

# স্ট্যাটেন আইল্যান্ডের শ্রমিক সমাবেশে বার্নি সেন্ডার্স

**নিউইয়র্ক**

বার্নি সেন্ডার্স বলেন, দিনে দিনে শ্রমিকরা বঞ্চিত হচ্ছে। যারা শ্রমিকদের ব্যবহার করে তাদের সম্পদ বাড়ছে।

**বিশেষ প্রতিনিধি**



শ্রমিক সমাবেশে বার্নি সেন্ডার্স

মুক্তবাজারের বিশ্বে সবচেয়ে বড় প্রতিষ্ঠান অ্যামাজনে কর্মরত শ্রমিকদের ট্রেড ইউনিয়ন করার প্রতিবন্ধকতা সৃষ্টি করে আসছে প্রতিষ্ঠানটি। শ্রমশক্তিকে নিজেদের অধিকার নিয়ে সংগঠিত না হওয়ার জন্য অ্যামাজন নানাভাবে প্ররোচনা সৃষ্টি করেছে। নিউইয়র্কের স্টেটেন আইল্যান্ডে অ্যামাজনের একটি স্থাপনায় এরইমধ্যে কর্মজীবীরা ইউনিয়ন সংগঠনের পক্ষে ভোট প্রদান করেছেন।

স্ট্যাটেন আইল্যান্ডের অপর একটি স্থাপনায় ২৫ এপ্রিল সোমবার থেকে ২৮ এপ্রিল বৃহস্পতিবার পর্যন্ত ভোটগ্রহণ করা হবে। কর্মজীবীরা যাতে সংগঠিত না হতে পারে তার জন্য অ্যামাজনের অব্যাহত তৎপরতা অব্যাহত রয়েছে।

চরম উত্তেজনার মধ্যে আমেরিকার উদারনৈতিক দুই তারকা রাজনীতিবিদ সিনেটর বার্নি সেন্ডার্স এবং কংগ্রেসউওম্যান আলেকজান্দ্রিয়া ওকাসিও কার্টেজ সমাবেশ

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

HILLSIDE TAX & MULTISERVICES INC.
e-file
• Income Tax • Sales Tax • Corporate Tax • Partnership Tax
• Business setup • Payroll (W2, 1099) • All imigratoin Services • Accounting & Bookkeeping
MD SHORIFUL ISLAM
President & CEO
165-19 HILLSIDE AVE, 2ND FL, JAMAICA NY 11432
Tel: 347-254-9924, Email: Hillsidetax21@gmail.com

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave, 2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

ম্যারিল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয়ে সহযোগিতার জন্য কল করুন
"REALTOR, YOU CAN DEPEND ON"
RE/MAX
Hashan Chowdhury
Realtor
Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282
মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২
অফিস: ৩০১-৯১৬-১৪০০
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২
Realtorchowdhury@gmail.com
12810 Wisterica Dr, #300
Germantown, MD 20874

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
Immigrant Elder Home Care LLC
বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
TOLL FREE 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
To Schedule Appointment Only.
• গাড়ী এক্সিডেন্ট • বিল্ডিং এ দুর্ঘটনা • ট্রিপ এন্ড ফল • বিকলাঙ্গ শিশুর জন্ম
• কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা • স্লিপ এন্ড ফল • হাসপাতালে ভুল চিকিৎসা • লেড পয়জনিং
Moin Choudhury, Esq.
Attorney at Law
IMMIGRATION
TIMOTHY BOMPART, ESQ.
ATTORNEY AT LAW
Law offices of Timothy Bompart 37-11 74 St, Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan & Long Island Office By Appointment Only
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC. Timothy Bompart is admitted in NY only

Aasha Home Care
আশা হোম কেয়ার
$22.25 Per Hour
FREE SERVICES FOR MEMBERS
ESHRA
Vice President
917 306 2981

নতুন রূপে বাহারি সব বাংলাদেশি খাবারের আয়োজন
খলিল'স ফুড
khalilsfood.com
Khalil Biryani House 718.409.6840
Khalil Halal Chinese 646.763.5073
Khalil Pizza & Grill 718.577.7997
Khalil Supermarket 718.521.9993
খলিলুর রহমান
CEO, Khalils Food
1457 Unionport Rd, Bronx, NY 10462

IATA Accredited Agent
OPEN 7 DAYS
Best service is our Goal
Hajj & Umrah
RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন
হজ্ব ওমরাহ
718-205-3270, 646-322-1654
WINTER SALE !!
স্বল্প ফি'তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টাকা পাঠান
37-15,73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

KARNAFULLY
কর্ণফুলী ট্যাক্স
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স কর্পোরেট ট্যাক্স সেলস ট্যাক্স
পেরোল বিজনেস সেটআপ
ইমিগ্রেশন নোটারী পাবলিক
IRS ENROLLED AGENT
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
IATA ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

MTR Electric
Murad Hussain
আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।
MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

Home & Habitat
Realty Corp.
নিউইয়র্কে বাড়ী ক্রয় বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam
Branch Manager
646-724-6417
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

মতিন
MOTIN
An Icon of Growth & Development
Sweets & Masala

Mohammed A Azad MBA
Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
989 Liberty Ave, Brooklyn, NY 11208
Commercial, Residential & Retail
917-346-8207
Liberty Renovation
Libertyrenovation.com

সম্পাদক: ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত: ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, ই-মেইল: নিউজ: news@prothomalony.com, বিজ্ঞাপন: cm@prothomalony.com